

ডিমের দাম রেকর্ড বৃদ্ধি

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে রেকর্ড ছুঁয়েছে ডিমের দাম। মার্চ মাসে দেশটিতে এক ডজন ডিমের দাম দাঁড়িয়েছে গড়ে ৬ দশমিক ২৩ ডলার। মার্চের শেষে পাইকারি দাম কিছুটা কমলেও খুচরা বাজারে এর তেমন *৫-এর পৃষ্ঠায় দেখুন*

অল্পের জন্য বিমান দুর্ঘটনা থেকে রক্ষা পেলেন ৬ কংগ্রেস

বাংলা পত্রিকা রিপোর্ট: ওয়াশিংটন ডিসি সংলগ্ন রোনাল্ড রেগান ওয়াশিংটন ন্যাশনাল এয়ারপোর্টে একটি বিমানের সাথে আরেকটি বিমানের মৃদু সংঘর্ষ হয়েছে। বিমানটিতে নিউইয়র্ক ও নিউজার্সীর অন্তত ৬জন কংগ্রেস সদস্য সহ আরো যাত্রী ছিলেন। বৃহস্পতিবার এ ঘটনা ঘটে।

জানা গেছে, ওয়াশিংটন ডিসি সংলগ্ন রোনাল্ড রেগান ওয়াশিংটন ন্যাশনাল এয়ারপোর্টে একটি বিমানের সাথে *৫-এর পৃষ্ঠায় দেখুন*

পথচলায় ২৯ বছর

The Weekly **বাংলা পত্রিকা** Bangla Patrika

www.banglapatrikausa.com ■ Vol. 29 ॥ Issue 28 / April 14, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ২৮ ॥ সোমবার, বৈশাখ ১, ১৪৩২ ॥ শাওয়াল ১৫, ১৪৪৬

আনডকুমেন্টেডদের ‘সোশ্যাল সিকিউরিটি’ বন্ধের পরিকল্পনা!

বাংলা পত্রিকা রিপোর্ট: অবৈধ অভিবাসী বিতাড়নের একের পর এক পরিকল্পনা ও নীতি বাস্তাবয়ন করছেন ট্রাম্প প্রশাসন। এবার অবৈধদের আর্থিক লেনদেন সুবিধা ও কাজের বৈধ সুযোগসহ সরকারি সুবিধা বন্ধের জন্য অবৈধ অভিবাসীদের সোশ্যাল সিকিউরিটি নম্বর বাতিলের উদ্যোগ নেয়া হয়েছে। ইতিমধ্যে অস্থায়ী অভিবাসন কর্মসূচির আওতায় যুক্তরাষ্ট্রে বসবাসকারী ৬ হাজারের বেশি জীবিত অভিবাসীকে ‘মৃত’ হিসেবে তালিকাভুক্ত করে তাদের এসএসএন বাতিল করা হয়েছে। যাদের মধ্যে বেশ কিছু অভিবাসী ‘অপরাধী’ হিসেবে অভিযুক্ত। সোশ্যাল সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন তাদের “ডেথ মাস্টার ফাইল”-এর নাম পরিবর্তন করে “ইনএলিজিবল মাস্টার ফাইল” করেছে এবং অনেক অভিবাসীকে ‘ভুয়া’ মৃত্যুর তারিখ দিয়ে মৃত বলে চিহ্নিত করছে। এমনটি প্রতিবেদন যুক্তরাষ্ট্রের একাধিক গণমাধ্যমের।

ট্রাম্প প্রশাসন জানিয়েছে, সাবেক প্রেসিডেন্ট জো বাইডেনের শাসনামলে চালু হওয়া অস্থায়ী অভিবাসন কর্মসূচির আওতায় যুক্তরাষ্ট্রে বসবাসকারী ৬ হাজারের বেশি জীবিত অভিবাসীকে ‘মৃত’ হিসেবে তালিকাভুক্ত করেছে। *৫-এর পৃষ্ঠায় দেখুন*

৬ হাজার অভিবাসীকে ‘মৃত’ ঘোষণা ট্রাম্প প্রশাসনের





আনন্দের ভ্রমণ বিষাদে পরিণত হাডসনের জলে!

শাহ্ সুমন, নিউইয়র্ক: স্পেনের বার্সেলোনা থেকে অগাস্টিন এস্কোবার স্ত্রী ও সন্তানদের নিয়ে নিউইয়র্কে এসেছিলেন আনন্দ ভ্রমণে। স্ত্রীর ৪০তম ও ছেলের ৮ম জন্মদিনকে স্মরণীয় করে রাখতে হেলিকপ্টারযোগে নিউইয়র্কের আকাশপথে আনন্দ যাত্রা শুরু করেছিলেন পুরো পরিবারসহ। হেলিকপ্টারে ওঠার আগ মুহূর্ত ও পরেও হাস্যজ্জল পরিবারটি জানতোনা *৮-এর পৃষ্ঠায় দেখুন*

বিপুল উৎসাহে নিউইয়র্কে বাংলা বর্ষবরণ

বিশেষ প্রতিনিধি: পহেলা বৈশাখ, সোমবার। বাংলা নতুন বছর ১৪৩২-এর প্রথম দিন। শুভ বাংলা নববর্ষ। বিদায় বাংলা নববর্ষ ১৪৩১। বাংলা নতুন বছর বরণ উপলক্ষ্যে নিউইয়র্ক সহ উত্তর আমেরিকায় বিভিন্ন সংগঠন নানা কর্মসূচী গ্রহণ করেছে। বিশেষ করে উইকেন্ড ডে শনি ও রোববার (১২ ও ১৩ এপ্রিল) বিভিন্ন স্থানে একাধিক সংগঠন বৈশাখী উৎসব ও আনন্দ শোভাযাত্রা, মেলা, পান্তা-ইলিশ ভোজ, সাংস্কৃতিক অনুষ্ঠান প্রভৃতির আয়োজন করে।

জানা গেছে, বাংলাদেশ ক্লাব ইউএসএ আয়োজিত বৈশাখী উৎসব ও আনন্দ শোভাযাত্রা শনিবার (১২ এপ্রিল) জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় অনুষ্ঠিত হয়। *৩৩-এর পৃষ্ঠায় দেখুন*

নিউইয়র্কে বিমান বিধ্বস্ত, নিহত ১

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে আবারো একটি ছোট বিমান বিধ্বস্ত হয়ে একজন নিহত হয়েছেন। শনিবার বিকেলে রাজধানী আলবেনি থেকে প্রায় ৫০ মাইল দক্ষিণে এই দুর্ঘটনা ঘটে। বিমানটি কলম্বিয়া কাউন্টি বিমানবন্দরের উদ্দেশ্যে যাচ্ছিল এবং এতে ছয়জন আরোহী ছিলেন। তবে অন্য কারো হতাহতের খবর মেলেনি। দুর্ঘটনার কারণ এখনও জানা যায়নি। নিহতদের পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন মেয়র এরিক অ্যাডামস।

বছরে ১০ লাখ অবৈধ অভিবাসীকে ডিপোর্টেশনের টার্গেট

বাংলা পত্রিকা রিপোর্ট: নির্বাচনে প্রচারের সময় থেকেই যুক্তরাষ্ট্রে অবৈধভাবে বসবাসকারী অভিবাসীদের বের করে দেওয়ার কথা বলে আসছেন ডোনাল্ড ট্রাম্প। প্রেসিডেন্টের ক্ষমতা গ্রহণের প্রথম দিন থেকেই এ নিয়ে কাজ শুরু করেন তিনি। মেয়াদের প্রথম বছরে আরও অভিবাসীকে বহিষ্কারের জন্য সংশ্লিষ্টদের চাপ দিচ্ছেন ট্রাম্প প্রশাসন। গণ ডিপোর্টেশনের সংখ্যা বৃদ্ধির জন্য নানা পরিকল্পনা গ্রহণ করেছেন ট্রাম্প প্রশাসন। ইতিমধ্যে বেশ কয়েকটি দেশের নাগরিকদের হাতকড়া পরিয়ে সামরিক ফ্লাইটে ডিপোর্ট করা হয়েছে। এদের মধ্যে বেশ কিছু অপরাধী অভিবাসী রয়েছে বলে জানানো হয় হোমল্যান্ড সিকিউরিটির পক্ষ থেকে।

আলোচনায় বারবার প্রথম বছরে বহিষ্কার করতে চাওয়া একটি উচ্চাকাঙ্ক্ষী সংখ্যা উঠে আসছে, তা হলো ১০ লাখ। পরিকল্পনা সম্পর্কে অবগত চারজন বর্তমান ও সাবেক ফেডারেল কর্মকর্তার বরাত দিয়ে এ তথ্য জানিয়েছে নিউইয়র্ক টাইমস।

ট্রাম্প প্রশাসন এক বছরে ১০ লাখ অভিবাসীকে বের করে দিতে পারলে তা *১২-এর পৃষ্ঠায় দেখুন*

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

বাতিল হচ্ছে ২২ হাজার অভিবাসীর টেম্পোরারি প্রটেকশন

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে অবস্থানরত সাময়িক সুরক্ষা সুবিধা (টেম্পোরারি প্রটেকশন স্ট্যাটাস টিপিএস) প্রাপ্ত ২২ হাজার ৫০০ বাতিল করেছে ট্রাম্প প্রশাসন। তাদের সবাই আফগানিস্তান ও ক্যামেরুনের নাগরিক। ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটির এক মুখপাত্র শুক্রবার এ কথা জানিয়েছেন। অভিবাসীদের বিরুদ্ধে চলমান কঠোর নীতিমালার আওতায় এই পদক্ষেপ নেওয়া হয়।

টিপিএস কর্মসূচির আওতায় একজন অভিবাসী ছয় থেকে ১৮ মাস যুক্তরাষ্ট্রে অবস্থান করতে পারেন। এই মেয়াদ আবার নবায়ন করতে পারে হোমল্যান্ড সিকিউরিটি। টিপিএসের *৫-এর পৃষ্ঠায় দেখুন*

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
► প্রাইভেট অকশনের বাড়ি
► পাবলিক অকশনের বাড়ি
► ব্যাংক মালিকানা বাড়ি
► শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

বৈষম্যহীন দেশ গড়াই হোক নববর্ষের অঙ্গীকার, শুভেচ্ছা বার্তায় প্রধান উপদেষ্টা

বাসস, ঢাকা : বাংলা নববর্ষ ১৪৩২ বা পয়লা বৈশাখ উপলক্ষে দেশবাসীর উদ্দেশে শুভেচ্ছা বার্তা দিয়েছেন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। বার্তায় তিনি বলেছেন, 'চব্বিশের গণ-অভ্যুত্থান আমাদের সামনে বৈষম্যহীন বাংলাদেশ গড়ে তোলার সুযোগ এনে দিয়েছে। এ সুযোগ যেন আমরা না হারাই। বৈষম্যহীন বাংলাদেশ গড়াই হোক এবারের নববর্ষে আমাদের অঙ্গীকার।'

নতুন বাংলাদেশ গড়ে তুলতে দেশবাসীকে নতুন উদ্যমে কাজ করার আহ্বান জানিয়ে অধ্যাপক ইউনূস বলেন, 'পয়লা বৈশাখ সম্প্রীতির দিন, মহামিলনের দিন। আজকে সবাইকে আপন করে নেওয়ার দিন। এবারের নববর্ষ, নতুন বাংলাদেশের প্রথম নববর্ষ। আসুন, আমরা বিগত বছরগুলোর গ্লানি, দুঃখ-বেদনা, অসুন্দর ও অশুভকে ভুলে গিয়ে নতুন প্রত্যয়ে, নতুন উদ্যমে সামনের দিকে এগিয়ে চলি। চলুন, নতুন বাংলাদেশ গড়ে তুলি।'

বাংলাদেশের সংস্কৃতি ও ঐতিহ্য রক্ষায় সবাইকে সক্রিয় ভূমিকা রাখার আহ্বান জানিয়ে অধ্যাপক ইউনূস বলেন, 'বাংলাদেশের সংস্কৃতি ও ঐতিহ্য রক্ষায় এবং তা এগিয়ে যাওয়ায় আমাদের সবাইকে সক্রিয় ভূমিকা রাখার জন্য অনুরোধ জানাচ্ছি। আমাদের এসব ঐতিহ্য শুধু যেন নিজেদের মধ্যেই না থাকে, আমাদের সংস্কৃতি যেন আমরা ছড়িয়ে দিতে পারি বিশ্ব দরবারে। বছরের এই দিনটিতে আমরা সুযোগ পাই আমাদের সুদীর্ঘ ঐতিহ্যকে নতুন প্রজন্মের কাছে উৎসবমুখর পরিবেশে তুলে ধরতে এবং পৃথিবীর সামনে তুলে ধরতে।'

তিনি বলেন, 'পয়লা বৈশাখ আমাদের প্রাণের উৎসব, বাঙালির সর্বজনীন উৎসব। পুরো পৃথিবীতে যেখানে যেখানে বাঙালিরা আছেন আজ আমাদের সবার আনন্দের দিন, বর্ষ বরণের দিন।'

'ফসলি সন'-এর ইতিহাস তুলে ধরে প্রধান উপদেষ্টা বলেন, বাংলা সাল গণনা শুরু হয়েছিল কৃষিকাজের সুবিধার জন্য, ফসলি সন হিসেবে। এখনো এ দেশের কৃষকেরা বাংলা তারিখের হিসেবেই বীজ বোনেন, ফসল তোলেন।



বাংলা নববর্ষ উপলক্ষে শুভেচ্ছাবার্তা দিয়েছেন প্রধান উপদেষ্টা। ছবি: বাসস

বাংলা নববর্ষের এক অবিচ্ছেদ্য অংশ 'হালখাতা' উল্লেখ করে অধ্যাপক ইউনূস বলেন, এখনকার আধুনিক সময়েও এখনো এই হালখাতার ঐতিহ্যকে ধরে রেখেছেন বাংলাদেশের হাটে-বাজারে শহরে-বন্দরে। নববর্ষের বৈশাখী মেলায় বাংলাদেশের জেলায় জেলায় উদ্যোক্তারা সারা দেশে ঐতিহ্যবাহী শীতল পাটি, মাটির হাঁড়ি-পাতিল, খেলনা, হাতপাখা ইত্যাদি তৈরি করে নিজেদের সৃজনশীলতাকে তুলে ধরেন এই দিনকে উপলক্ষ করে।

তিনি আরও বলেন, পাহাড় ও সমতলের বিভিন্ন জাতিগোষ্ঠীও চৈত্রসংক্রান্তি ও নববর্ষে এবার বড় পরিসরে উৎসব উদ্‌যাপন করেছেন।

দেশবাসীকে নববর্ষের শুভেচ্ছা জানিয়ে অধ্যাপক ইউনূস বলেন, 'নববর্ষ ১৪৩২ আমাদের সবার জন্য শুভদিনের সূচনা করুক। নববর্ষ ১৪৩২ আমাদের সকলের জন্য নতুন ও গভীর আনন্দের উন্মোচন করুক-এই কামনা করছি।'

তিনি নববর্ষের সব আয়োজন ও উদ্যোগের সাফল্য কামনা করেন।

নতুন ভিসা নীতি, ফিকে হচ্ছে ভারতীয়দের 'আমেরিকান ড্রিম'

বাংলা পত্রিকা ডেস্ক: প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কঠোর অভিবাসন নীতির কারণে হাজার হাজার ভারতীয়ের 'আমেরিকান ড্রিম' যেন ক্রমশ ফিকে হয়ে আসছে! ইউএস স্টেট ডিপার্টমেন্টের মে মাসের ভিসা বুলেটিন ভারতীয়দের জন্য আরও দুঃসংবাদ নিয়ে এসেছে। কর্মসংস্থান-ভিত্তিক পঞ্চম অগ্রাধিকার (ইবি-৫) ভিসা শ্রেণিতে ভারতীয়দের জন্য দীর্ঘ অপেক্ষার প্রহর আরও বাড়ল।

সম্প্রতি প্রকাশিত ভিসা বুলেটিন অনুযায়ী, ভারতীয়দের জন্য ইবি-৫ অসংরক্ষিত ভিসা শ্রেণি ছয় মাসেরও বেশি পিছিয়ে ২০১৯ সালের ১ মে তারিখে চলে গেছে। এর অর্থ, যারা ২০১৯ সালের ১ মে বা তার আগে আবেদন করেছিলেন, শুধু তাঁরাই এখন ভিসার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন। অন্যদিকে, একই শ্রেণিতে চীনের জন্য কাট-অফ ২০১৪ সালের ২২ জানুয়ারি অপরিবর্তিত রয়েছে।

স্টেট ডিপার্টমেন্টের বুলেটিনে বলা হয়েছে, ইবি-৫ অসংরক্ষিত ভিসা শ্রেণিতে ভারতের উচ্চ চাহিদা এবং বেশি ব্যবহার, সেই সঙ্গে অন্যান্য দেশ থেকে চাহিদা বৃদ্ধি এবং বেশি ব্যবহারের ফলে, ২০২৫ অর্থবছরের জন্য সংখ্যা বার্ষিক সীমার মধ্যে রাখতে ভারতীয়দের জন্য চূড়ান্ত পদক্ষেপের তারিখ আরও পিছিয়ে দেওয়া প্রয়োজনীয় হয়ে পড়েছে। অর্থাৎ, ভিসার বার্ষিক কোটা সীমিত থাকায় এবং ভারতীয় আবেদনকারীর সংখ্যা বেশি হওয়ায় এই সমস্যা দেখা দিয়েছে বলে উল্লেখ করেছে স্টেট ডিপার্টমেন্ট।

ভিসা বিলম্ব (Retrogression) কী?

যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্ট প্রতি মাসে একটি ভিসা বুলেটিন প্রকাশ করে, যেখানে বিভিন্ন দেশের জন্য ভিসার প্রাপ্যতার কাট-



জ্যাকসন হাইটস হয়ে উঠলো এক খন্ড বাংলাদেশ





শেষ পৃষ্ঠায় পর

ল্যু, অ্যাসেম্বলীম্যান জোহরান মামদানী, অ্যাসেম্বীওম্যান জেনিফার রাজকুমার, কুইন্স বরো প্রেসিডেন্ট ডনোভান রিচার্ড, সাবেক এমপি ও ঠিকানা গ্রুপের চেয়ারম্যান এম এম শাহীন সহ আরো অনেক জনপ্রতিনিধি। প্যারেডে সর্বস্তরের হাজারো প্রবাসী বাংলাদেশী অংশ নেন। ফলে যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের প্রাণকেন্দ্র জ্যাকসন হাইটস হয়ে উঠে এক খন্ড বাংলাদেশ।

প্যারেডে মেয়র এরিক অ্যাডাম সহ অতিথি বক্তারা তাদের বক্তব্যে বাংলাদেশী কমিউনিটির ভূয়সী প্রশংসা করেন। প্যারেড শুরুর প্রক্কালে চীফ মার্শাল লায়ন

৩৪-এর পৃষ্ঠায় দেখুন

















The Weekly Bangla Patrika
Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

আসুক সম্প্রীতির বারতা

নতুন বাংলা বছরে প্রবেশ করলাম আমরা। পৃথিবীব্যাপী বসবাসরত নানা জনগোষ্ঠী যেমন নতুন বছরকে উৎসবের মাধ্যমে বরণ করে নেয়, তেমনি বাঙালিও নানা আনন্দ-আয়োজনের মাধ্যমে নতুন বছরকে বরণ করে নেয়। একটি নতুন আশা, উদ্দীপনা নিয়ে যাত্রা শুরু হয় বছরের প্রথম দিনটিতে।

ইতিহাস মতে, ভারতবর্ষে মোগল সাম্রাজ্য প্রতিষ্ঠার সময় থেকে হিজরি পঞ্জিকা অনুযায়ী কৃষিপণ্যের খাজনা আদায় করা হতো। কিন্তু হিজরি সাল চাঁদের ওপর নির্ভরশীল হওয়ায় কৃষি উৎপাদনের সঙ্গে এর কোনো মিল পাওয়া যেত না। আর সেই সমস্যার সমাধানে মোগল সম্রাট আকবর বাংলায় বর্ষপঞ্জি সংস্কারের উদ্যোগ গ্রহণ করেন। সেই সময় সৌরবছর ও হিজরি সালের মধ্যে সমন্বয় করে নতুন বাংলা সনের নিয়ম চালু হয়।

পুণ্যাহ, হালখাতা, বৈশাখী মেলায় রঙিন হয়ে উঠেছিল আমাদের নববর্ষ। ১৯৬৭ সালে 'ছায়ানট' প্রথম ঢাকার রমনা পার্কে পয়লা বৈশাখ বর্ষবরণ উৎসব পালনের আয়োজন করে। তারই ধারাবাহিকতায় এখন এটি একটি সর্বজনীন উৎসবে পরিণত হয়েছে। দেশের মানুষ বর্ষবরণ পালন করে আসছে।

কৃষিকাজ ও খাজনা সংগ্রহের সঙ্গে পয়লা বৈশাখ উদ্‌যাপিত হলেও কয়েক বছর ধরে এই উৎসবকে কেন্দ্র করে নতুন ধরনের আমেজ যুক্ত হয়েছে। পয়লা বৈশাখ কেবল সামাজিক-সাংস্কৃতিক উৎসবের মধ্যেই সীমাবদ্ধ নয়; এর সঙ্গে অর্থনীতিরও নিবিড় সম্পর্ক তৈরি হয়েছে। এখন তো পয়লা বৈশাখ মানে নতুন জামা-কাপড় পরার প্রচলন ব্যাপকভাবে হচ্ছে শহর থেকে গ্রাম পর্যন্ত। এটা আমাদের দেশের অর্থনীতিতেও নতুন মাত্রা যোগ করেছে। এই উৎসব শুধু বাংলাদেশে নয়, সারা পৃথিবীতে ছড়িয়ে থাকা বাঙালিরা উৎসব-আনন্দের মাধ্যমে পালন করে থাকে। একই সময়ে দেশের পার্বত্য জেলাগুলোতে উদ্‌যাপিত হচ্ছে বিভিন্ন ক্ষুদ্র নৃগোষ্ঠীর বৈসাবি উৎসব। এই উৎসবে পাহাড়ের মানুষও আনন্দে মেতে ওঠে।

আমাদের প্রত্যাশা, পয়লা বৈশাখ জাগ্রত করবে আমাদের শান্তি ও সম্প্রীতির চেতনা। ধর্ম-বর্ণ, ধনী-দরিদ্র, জাতিগোষ্ঠী-নির্বিশেষে সবার অন্তরে বাংলা নববর্ষ নতুন করে দোলা দিক।

রবীন্দ্রনাথ ঠাকুরের 'অগ্নিস্নানে শুচি হোক ধরা' এই চিরন্তন আকাঙ্ক্ষা এ বছরের পয়লা বৈশাখের মতো ধর্ম-মত-পথনির্বিশেষে সব বাংলাদেশির হৃদয়ে দোলা দেবে বলে আমরা বিশ্বাস করি। সব ধর্মের মানুষের মিলনের উৎসব বাংলা নববর্ষ। পয়লা বৈশাখের এই মহিমা অটুট থাকুক। ধর্মীয় সংকীর্ণতা, সাম্প্রদায়িকতার রক্তচক্ষু উপেক্ষা করে সবাই মাতুক উৎসবের আনন্দে। আমাদের প্রত্যাশা, নতুন বছরের নতুন সূর্যোদয় বাংলাদেশের রাষ্ট্র ও সমাজের জন্যও নতুন সম্ভাবনা নিয়ে আসবে।

সবাইকে বাংলা নববর্ষের শুভেচ্ছা।



এত বিভাজন কেন?



নাভিদ সালেহ

আমরা বিভাজিত হতে হতে ক্ষুদ্র থেকে ক্ষুদ্রতর গোত্রে ভাগ করে ফেলছি নিজেদের। মতাদর্শিক বিভাজন, দলগত বিভাজন, বিশ্বাসকেন্দ্রিক বিভাজন, চর্চাগত বিভাজন, লিঙ্গভিত্তিক বিভাজন, ভৌগোলিক বিভাজন আর কতভাবে বিভাজিত হবো আমরা! এই বিভাজনে অর্জনই বা কী? ছেলেবেলায় পড়েছি একতার ক্ষমতার কথা। 'দশের লাঠি, একের বোঝা', 'দশে মিলি করি কাজ, হারি-জিতি নাহি লাজ'– এমন সব প্রবচন কখনও লেখা ছিল পাঠ্যবইয়ে, কখনওবা শহরের দেয়াল লিখনে। ঐক্যের বিপরীতে বিভাজন অন্তর্নিহিত এই ধারণা আমরা হয়তো উপলব্ধি করতাম। অথচ আমরা বিভাজিত হয়েই চলেছি। নিজের ক্যাম্প তৈরি করে চলেছি নিজেকে একটি গোষ্ঠী হিসেবে চিহ্নিত করে; বাকিদের অন্য গোষ্ঠীর বলে ট্যাগ দেওয়া মানুষের স্বভাবজাত।

এই প্রবণতাকে অতিক্রম করার জন্য তাই স্বতঃপ্রণোদিত ব্যক্তিগত চেষ্টার যেমন প্রয়োজন, তেমনি প্রয়োজন এমন নেতৃত্বের, যা বিভাজিত সমাজকে পুনরায় জুড়ে দেওয়ার মন্ত্রণা দেবে। বিভাজনের দার্শনিক ভিত্তি আর বিভাজন মোচনের ঐতিহাসিক উদাহরণ ব্যবহার করে আমরা কি জাতিগত ঐক্যের দিকে এগোতে পারি না? কী বলেছিলেন হেগেল, নিটশে, তাইফেল আর কান্ট? কী করেছিলেন সম্রাট মেইজি, মার্টিন লুথার কিং ও নেলসন ম্যান্ডেলা?



বিভাজনের সৃষ্টি আমাদের মনোজগতে। ফ্রয়েডের মনস্তত্ত্ব বলছে, মানবমনে ইরোস বা ঐক্যের প্রেষণা এবং থানাটোস বা সংঘর্ষের ইচ্ছা পাশাপাশি অবস্থান করে। সমাজে একটি গোষ্ঠী যখন প্রতারিত বা নিষ্পেষিত হয়, তখন থানাটোস সামনে এসে দাঁড়ায়। তাই বলে যে ইরোস হারিয়ে যায়, এমনটি নয়। সে কেবল পশ্চাদপসরণ করে। ইরোসকে পুনর্জাগ্রত করার জন্য তাই প্রয়োজন ব্যক্তি বা সামষ্টিক নেতৃত্বের।

আমরা যত বেশি সাংঘর্ষিক হবো, ঐক্যের বাসনা ততটাই অবদমিত হবে এবং এর পুনর্জাগরণ হয়ে দাঁড়াবে ততটুকুই জটিল। দর্শনশাস্ত্রে হেগেল এবং নিটশে চিন্তায় দ্বান্দ্বিকতার কথা বলেছেন। চিন্তার দ্বন্দ্ব থেকেই প্রগতি আসে। তাঁরা এও বলেছেন, যদি দ্বন্দ্ব থেকে চরম বিভাজন ও ঘৃণা উৎসারণের দিকে যখন অগ্রসর হয় কোনো জাতি, তা তখন তার ভাঙনের পথকেই অবশ্যম্ভাবী করে তোলে। এই মত প্লেটোও দিয়েছিলেন তাঁর 'দ্য রিপাবলিক' রচনায়। মানুষ কী করে বিভাজনমুখী হয় তা জানা যায় পোলিশ-ব্রিটিশ মনস্তত্ত্ববিদ হেনরি তাইফেলের সত্তরের দশকে দেওয়া 'সামাজিক পরিচয়'তত্ত্বে। এই তত্ত্বানুসারে একজন ব্যক্তি স্বভাবজাতভাবেই সমাজের কোনো না কোনো গোত্র বা গোষ্ঠীতে নিজেকে শামিল করে। এই বর্গীকরণ সাধারণত হয়ে থাকে ধর্ম-বর্ণ, লিঙ্গ বা জাতির ভিত্তিতে। এই প্রাথমিক শ্রেণীকরণের পরপর সেই গোত্র বা গোষ্ঠীর পরিচয় যেমন ভাষা, মূল্যবোধ ও চেতনাকে ধারণ করতে শুরু করে সে। গোত্রটির শ্রেষ্ঠত্ব, গোষ্ঠীটির সাফল্যই যেন হয়ে দাঁড়ায় তাঁর ব্যক্তিগত শ্রেষ্ঠত্বের স্মারক। এমনিভাবে একটি সামষ্টিক পরিচয় একান্ত ব্যক্তিগত হয়ে পড়ে। এই গোত্রের শ্রেষ্ঠত্বকে বজায় রাখতে, সাফল্যকে অর্জন করতে চলতে থাকে অন্য গোত্রের সঙ্গে তুলনা, সে গোত্রের সমালোচনা এবং চরম পর্যায়ে তার অবমাননা। একটি দেশের সীমানার ভেতরেই 'আমরা' বনাম 'ওরা' এই দ্বন্দ্ব যেন অপরিহার্য হয়ে পড়ে। 'আদারিং'-এর এই নির্মম চর্চায় এর পর ইন্ধন জোগায় আঞ্চলিক, জাতীয় বা আন্তর্জাতিক সুবিধালোভীরা। রুয়ান্ডায় এভাবেই হুতু-তুতসিদের ভেতরকার অহিংস আন্তঃগোত্রীয় মতবিরোধ বৃদ্ধি পেতে পেতে ১৯৯৪-এর গণহত্যায় রূপ নিয়েছিল। বিভাজনকে বাড়তে দিলে এর চরম রূপ হয়ে দাঁড়ায় এমনই অমানবিক।

ভাবলে অবাক হতে হয়, একটি স্বভাবজাত বর্গীকরণ কত সহজেই না রাবণের মতো ধ্বংসের নেশায় মেতে উঠতে পারে! এই রূপান্তর যে অনিবার্য, তা কিন্তু নয়। কান্ট তাঁর 'মেটাফিজিক্স অ্যান্ড মোরালস' বা আধিদৈবিকতা ও নীতিশাস্ত্রে বলছেন, মানবমনের ঘৃণা যখন উৎসারিত হতে শুরু করে, তখনই ভাঙনের সূত্রপাত। তিনি বলেছেন, চিন্তার দ্বন্দ্ব তো সমাজে থাকবেই। গোত্রে-গোত্রে পরিচয়গত বিভেদ থাকাটাই তো স্বাভাবিক। তাই বলে আদারিংয়ের চর্চায় কেন পর্যবসিত হতে হবে? আমি এক ধর্ম, এক বর্ণ বা এক চেতনার মানুষ থেকে অন্য ধর্ম-বর্ণ-চেতনার মানুষকে কেন ঘৃণা করব? কান্ট বলেছেন, ক্রোধ সাময়িক, তবে ঘৃণা চলে অবিরত, দীর্ঘকালব্যাপী। কান্টের নীতি দর্শন 'ইউনিভার্সাল ল' বা সর্বজনীন বিধানের ওপর দাঁড়িয়ে। ঘৃণার চর্চা কখনও সর্বজনীন হতে পারে না। সেদিকে অগ্রসর হতে গেলেই সমাজে ভাঙনের অবশ্যম্ভাবিতা জেগে ওঠে। কান্ট তাই বলেছেন, এই ঘৃণার উদ্রেক যেন না হয়, তার বীজ যেমন শৈশবে বপন করতে হবে, তেমনি জাতীয় নেতৃত্বের দায়িত্ব হবে আদারিংয়ের চর্চা থেকে বেরিয়ে ঐক্যের পথে জনগণকে নিয়ে যাওয়া। এখানেই নেতৃত্বের সাফল্য।

একতা অর্জনে বিশ্বের কয়েকজন অবিসংবাদিত নেতার ভূমিকার কথা উল্লেখ করতেই হয়। ১৮ শতক পর্যন্ত জাপান ছিল অসংখ্য সামন্ত গোষ্ঠীতে খণ্ডিত। জাতীয় ঐক্য তখন ছিল কল্পনা মাত্র। সেই শতাব্দীর শেষ দিকে সম্রাট মেইজি ঐক্যের লক্ষ্যে সামন্তবাদী প্রথা বিলুপ্ত করেছিলেন আর সিন্টোবাদকে একটি জাতীয় ধারণা হিসেবে প্রতিষ্ঠা দিয়েছিলেন। ১৮৮৯-তে জাতীয় ঐক্যকে পূর্ণতা দিতে তিনি মেইজি সংবিধান প্রণয়ন করেছিলেন। বিভাজন থেকে আজকের সমৃদ্ধি দেখেনি জাপান; দেখেছে জাতীয় ঐক্য থেকে। উনিশ শতক পর্যন্ত মার্কিন যুক্তরাষ্ট্রে বর্ণ প্রথা ছিল স্পষ্ট। কৃষ্ণাঙ্গদের অধিকার প্রশ্নে আন্দোলন হয়েছে বহুবার; ফলপ্রসূ হয়নি। মার্টিন লুথার কিং জুনিয়র শ্বেতাঙ্গ ও কৃষ্ণাঙ্গদের ভেতরকার এই বিভাজন জানতেন ঠিক। তিনি এই বিভাজনে ঘৃতাহুতি না দিয়ে সামগ্রিক আমেরিকান মূল্যবোধের কথা বলেছিলেন। মার্কিন সিভিল রাইটস মুভমেন্ট কৃষ্ণাঙ্গদের অধিকার প্রতিষ্ঠার আন্দোলন ছিল ঠিক, তবে কিং-এর নেতৃত্ব আদারিং-এর চর্চা না করে, শ্বেতাঙ্গদের দোষী সাব্যস্ত না করে ঐক্যের পথে হেঁটেছিলেন।

দক্ষিণ আফ্রিকার বর্ণবাদের কথা আমাদের কারও অজানা নয়। নব্বই দশক পর্যন্ত পদ্ধতিগতভাবে শোষণ করা হয়েছে দেশটির জনগণকে শুধু বর্ণের ভিত্তিতে। কিং-এর মতো ম্যান্ডেলাও গোত্র বা বর্ণভিত্তিক পরিচয় থেকে জাতীয় পরিচয়ের পথে নেতৃত্বকে নিয়ে গিয়েছিলেন। শ্বেতাঙ্গদের অবিচারকে ক্ষমার চোখে দেখতে উৎসাহিত করেছিলেন কৃষ্ণাঙ্গ জনতাকে। তিনি বলেছিলেন, 'অসন্তোষ হলো একটি বিষ, যে বিষপানে প্রত্যাশা থাকে শুধু শত্রুর বিনাশ।' তবে ঘৃণা দিয়ে শত্রুর নিধন হবার আগে নিজকেই যে বধ করি আমরা। ঘৃণাতে তাই ক্ষতিই সাধিত হয়, মঙ্গল নয়। আসুন, আমরা বিভাজনের এই চক্র থেকে বেরিয়ে আসি। আমার ধর্ম শ্রেষ্ঠ আর তোমারটা স্থূল; আমার চেতনা উত্তম আর তোমারটা বোধশূন্য; আমার নেতা মহান আর তোমার নেতা অসুর এই চর্চা থেকে বেরিয়ে এসে আমাদের ঐক্যবদ্ধ হতে হবে। আমরা একই দেশের মানুষ। আমাদের একটিই পতাকা, একটিই মাতৃভাষা। এই দেশটির মঙ্গল আমরা সবাই চাই। শুধু একতা থেকেই তা অর্জন সম্ভব।

লেখক: যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব টেক্সাস অ্যাট অস্টিনে পুরকৌশল, স্থাপত্য ও পরিবেশ কৌশল অনুষদের অধ্যাপক।

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়

নতুন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামুক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূর্বে যোগাযোগ করুন:
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

আনডকুমেন্টেডদের 'সোশ্যাল সিকিউরিটি' বন্ধের পরিকল্পনা!

প্রথম পৃষ্ঠার পর অবৈধ ও অস্থায়ী অভিবাসন কর্মসূচির আওতায় সুবিধাপ্রাপ্ত অভিবাসীর যুক্তরাষ্ট্রে বসবাস অসম্ভব করে তোলা এবং 'স্বেচ্ছায় নিজ দেশে ফিরে যেতে' বাধ্য করার জন্যই নেওয়া হয়েছে এ পদক্ষেপ।

যুক্তরাষ্ট্রের নাগরিক, স্থায়ী বাসিন্দা এবং অস্থায়ী কর্মীদের জন্য এসএসএন নম্বর ব্যবহৃত হয়। যা তাদের আয়, সামাজিক নিরাপত্তা সুবিধা, ব্যাংক লেনদেনসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিষেবা নিতে প্রয়োজন হয় এই নম্বর। কিন্তু নম্বরটি বাতিল হলে এসব সুযোগ-সুবিধা থেকে পুরোপুরি বঞ্চিত হবেন এবং বিপাকে পড়বেন অবৈধভাবে বসবাসরত অভিবাসীরা।

এদিকে ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি ও আইআরএস ট্রেজারি বিভাগ অভিবাসীদের ট্যাক্স সংক্রান্ত তথ্য অভিবাসন ও শুল্ক প্রয়োগ সংস্থার সঙ্গে ভাগাভাগি করার একটি চুক্তিতে পৌঁছেছে। এর আওতায় তারা অভিবাসীদের নাম ও ঠিকানা ব্যবহার করে ট্যাক্স রেকর্ড যাচাই করতে পারবে। এই চুক্তিকে কেন্দ্র করে আইআরএসের ভারপ্রাপ্ত কমিশনার মেলানি ক্রাউসে পদত্যাগ করেন। এতে করদাতাদের ব্যক্তিগত তথ্যের অপব্যবহার নিয়ে গুরুতর উদ্বেগ সৃষ্টি হয়েছে।

ওয়াশিংটন পোস্ট জানিয়েছে, তথাকথিত 'মৃত ব্যক্তিদের তালিকায়' অভিবাসীদের নাম যুক্ত করার লক্ষ্য, 'যুক্তরাষ্ট্র ছাড়ার জন্য নথিপত্রবিহীন অভিবাসীদের ওপর চাপ সৃষ্টি করা।' দ্বিতীয় মেয়াদে প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব নেওয়ার পর থেকে অভিবাসনবিরোধী বড় বড় পদক্ষেপ নিয়েছেন ডোনাল্ড ট্রাম্প। সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে অভিবাসীদের মৃত বলে উল্লেখ করার এ নীতি সেসব পদক্ষেপের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

গণমাধ্যমের খবরে বলা হয়, ইলন মাস্কের সরকারি দক্ষতা বিভাগের কর্মীরা সামাজিক নিরাপত্তাব্যবস্থায় এসব অভিবাসীদের নাম মৃত ব্যক্তিদের তালিকায় যুক্ত করার পদক্ষেপটি বাস্তবায়নে নেতৃত্ব দিয়েছেন। সোশ্যাল সিকিউরিটি নম্বর যুক্তরাষ্ট্রে বসবাসকারীদের পরিচয় শনাক্তে বেশ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। যুক্তরাষ্ট্রে অবৈধভাবে বসবাস করা লাখ লাখ অভিবাসীর সোশ্যাল সিকিউরিটি নম্বর রয়েছে। এর মধ্যে অনেকে এখানে আসেন জো বাইডেন ক্ষমতায় থাকাকালে। অবৈধভাবে সীমান্ত পারাপারের দায় এড়ানোর উপায় হিসেবে নির্দিষ্ট কিছু লোককে অস্থায়ী প্রবেশের অনুমতি দিয়েছিল বাইডেন সরকার।

হোয়াইট হাউসের ওই কর্মকর্তা ওয়াশিংটন পোস্টকে বলেছেন, সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে একবার কোনো মানুষকে মৃত হিসেবে তালিকাভুক্ত করা হলে, অনেক নিয়োগকর্তা ও ব্যাংকের পাশাপাশি ফেডারেল সংস্থাগুলো তাঁকে চাকরি থেকে বের করে দিতে পারে।

প্রশাসনিক নথির বরাত দিয়ে নিউইয়র্ক টাইমসের এক প্রতিবেদনে বলা হয়, ৬ হাজার ৩০০ জনের প্রাথমিক দলটিতে 'দণ্ডপ্রাপ্ত অপরাধী' ও 'সন্দেহভাজন সন্ত্রাসী' ছিলেন। তবে পদক্ষেপটি শিগগিরই আরও অনেক নথিবিহীন অভিবাসীর ক্ষেত্রে ব্যবহার করা হতে পারে।

বাংলাদেশ কনস্যুলেটে স্বাধীনতা দিবস পালন





শেষ পৃষ্ঠায় পর এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

পবিত্র কোরআন তেলাওয়াত আর বাংলাদেশ ও আমেরিকান জাতীয় সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। এরপর স্বাগত বক্তব্য রাখেন কনসাল জেনারেল নাজমুল হুদা। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নিউইয়র্ক সিটি মেয়র অফিসের ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্স বিভাগেরর প্রধান এডওয়ার্ড মারমেল স্টেইন। জাতিসংঘের বাংলাদেশ মিশনে নিযুক্ত স্থায়ী প্রতিনিধি নোমান আহমেদ, মেয়র অফিসের প্রধান প্রশাসনিক কর্মকর্তা মীর বাশার, বাংলাদেশ সোসাইটি প্রেসিডেন্ট আতাউর রহমান সেলিম জেবিবি এর প্রেসিডেন্ট গিয়াস আহমেদ, লায়ন শাহ নেওয়াজ, টাইম টেলিভিশনের সিইও এবং বাংলা পত্রিকার সম্পাদক আবু তাহের, সাপ্তাহিক প্রথম আলো সম্পাদক ইব্রাহিম চৌধুরী খোকন, অ্যাটর্নি মির মিজানুর রহমান টাইম টেলিভিশন পরিচালক সৈয়দ ইলিয়াস খসরু সহ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ ও প্রবাসীরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

নিউ জার্সি সড়কে প্রাণ গেলো বাংলাদেশি বাবা-মেয়ের

শেষ পৃষ্ঠায় পর হলেন শরফুদ্দিন (৩৬) এবং তার ৮ বছর বয়সী শিশুকন্যা রামিছা। একই ঘটনায় গুরুতর আহত অবস্থায় হাসপাতালে নেওয়ার পর মৃত্যু হয় আরেক গাড়িচালক ২৯ বছর বয়সী এক নারীও মারা যান।

স্থানীয় পুলিশ সূত্রে জানা যায়, দুই গাড়ির সংঘর্ষে এ পর্যন্ত তিনজনের মৃত্যু হয়েছে। গুরুতর আহত অবস্থায় হাসপাতালে ভর্তি রয়েছেন আরও দুইজন। গত ৬ এপ্রিল (রবিবার) স্থানীয় সময় রাত সাড়ে ১০টায় এ ঘটনা ঘটে।

পুলিশের প্রাথমিক তদন্ত অনুযায়ী, আই-২৯৫ মহাসড়কের উত্তর দিকে যাত্রারত হুন্ডাই সান্তা ফে ও হুন্ডাই টুসকন নামের দুটি গাড়ি মাইলপোস্ট ৫০.৬ এর কাছে ছিল। হঠাৎ সান্তা ফে গাড়িটি ডান দিকের গার্ডরেলে ধাক্কা খায়। এরপর গাড়িটি রাস্তায় ফিরে এসে টুসকন গাড়িটিকে ধাক্কা দেয়। প্রচণ্ড বেগে দুটি গাড়িই রাস্তা থেকে ছিটকে গিয়ে বেশ কয়েকটি গাছের সঙ্গে ধাক্কা লেগে দুমড়ে-মুচড়ে যায়। এতে টুসকন গাড়ির চালক শরফুদ্দিন এবং গাড়িতে থাকা তার ৮ বছর বয়সী শিশু রামিছা ঘটনাস্থলেই মারা যান। এছাড়া হুন্ডাই সান্তা ফে থাকা ২৯ বছর বয়সী এক নারীসহ গুরুতর আহত তিনজনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। হাসপাতালে ভর্তি হওয়া ওই নারীও মারা যান। হাসপাতালে ভর্তি হওয়া বাকী দুইজনের অবস্থাও আশংকাজনক।

রবিবার রাতে বাংলাদেশি প্রবাসী এ পরিবারটি পাশের ডেলোয়ারা রাজ্য থেকে নিউজার্সির এলিজাবেথ শহরে যাচ্ছিলেন। তাদের দেশের বাড়ি ফেনী জেলায় বলে জানা গেছে। পুলিশ দুর্ঘটনার কারণ খতিয়ে দেখছে।

ডিমের দাম রেকর্ড বৃদ্ধি

প্রথম পৃষ্ঠার পর প্রভাব পড়েনি।

যুক্তরাষ্ট্রের শ্রম পরিসংখ্যান ব্যুরোর তথ্য অনুযায়ী, চলতি বছরের শুরু থেকেই ডিমের দাম বাড়ছে। ফেব্রুয়ারিতে এক ডজন ডিমের দাম পৌঁছায় ৫ দশমিক ৯০ ডলারে। দীর্ঘদিন ধরে দেশটিতে এক ডজন ডিমের দাম ছিলো গড়ে দুই ডলার।

গত মাসে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছিলেন, যুক্তরাষ্ট্রে ডিমের দাম ৩৫ শতাংশ কমে এসেছে। তিনি এর জন্য কৃষিমন্ত্রী ব্রুক রোলিন্সের প্রশংসা করে বলেন, দাম কমানোর ক্ষেত্রে তিনি 'ভালো কাজ' করেছেন।

সংবাদমাধ্যম এনবিসি নিউজের তথ্যমতে, এক বছর ধরে যুক্তরাষ্ট্রে অন্যান্য ছয়টি নিত্যপ্রয়োজনীয় পণ্যের (মুরগির মাংস, কমলার রস, গরুর কিমা, বেকন ও পাউরুটি) তুলনায় ডিমের দাম এখনো ৭৫ শতাংশ বেশি।

ডিমের দামে বড় ধরনের ওঠানামায় ডিম পাচারের ঘটনা বেড়েছে। এ পরিস্থিতিতে অন্যান্য দেশকে ডিম রপ্তানি বাড়ানোর আহ্বান জানিয়েছে যুক্তরাষ্ট্র। সরকার ইতিমধ্যে ডেনমার্ক, তুরস্ক ও ব্রাজিলের মতো দেশগুলো থেকে ডিম আমদানির চেষ্টা করছে। আর ডিমের দাম অস্বাভাবিকভাবে বেড়ে যাওয়ার কারণ খতিয়ে দেখতে তদন্ত শুরু করেছে দেশটির বিচার বিভাগ।

যুক্তরাষ্ট্রের ডিমের দাম বাড়ার অন্যতম প্রধান কারণ বার্ড ফ্লুর প্রাদুর্ভাব। ২০২২ সাল থেকে দেশটি এ সংকট মোকাবিলায় ধুঁকছে। চলতি বছরে বার্ড ফ্লুর সংক্রমণে একজনের মৃত্যু হয়েছে। খামারিরা তিন কোটির বেশি ডিম দেওয়া মুরগি নিধন করেছে। সরকারি নীতিমালা অনুযায়ী, যদি কোনো খামারে একটি মুরগিও আক্রান্ত হয় তাহলে পুরো খামারের সব মুরগি মেরে ফেলতে হয়। উদ্ভূত পরিস্থিতিতে এই নিয়ম কিছুটা শিথিল করা হয়েছে।

যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগ জানিয়েছে, গত দুই সপ্তাহে নতুন করে বার্ড ফ্লুর প্রাদুর্ভাব দেখা যায়নি। তবে এরপরও ডিম উৎপাদন ব্যবস্থা স্বাভাবিক অবস্থায় ফিরতে সময় লাগছে। কৃষি অর্থনীতিবিদ জাডা থম্পসন স্কাই নিউজকে বলেন, একটি মুরগি ডিম দিতে শুরু করতে সাধারণত ছয় মাস সময় লাগে।

স্কাই নিউজ জানায়, কিছু অঞ্চলে ডিমের দাম আরও বেশি বেড়ে গেছে। কোথাও প্রতি ডজন ডিম বিক্রি হচ্ছে ৮ দশমিক ৯৬ ডলারে। অ্যাসোসিয়েটেড প্রেস এক সংবাদে জানায়, ক্যালিফোর্নিয়ায় কিছু দোকানে ডিমের দাম প্রতি ডজন ১২ ডলারে বিক্রি হচ্ছে। বাড়তি দাম সামলাতে অনেক রেস্তোরাঁ, যেমন ডেনিস ওয়াফেল হাউস চেইন তাদের মেনুতে ডিমের তৈরি খাবারের পদে অতিরিক্ত দাম যুক্ত করেছে।

ডিমের দাম বাড়ার জন্য সাবেক প্রেসিডেন্ট জো বাইডেনকে দুষছেন ট্রাম্প। মার্চের শুরুতে কংগ্রেসে দেওয়া এক ভাষণে তিনি বলেন, জো বাইডেন ডিমের দাম নিয়ন্ত্রণের বাইরে নিয়েছেন। ডিমের দাম এখন পুরোপুরি নিয়ন্ত্রণের বাইরে। দাম কমানোর জন্য কঠোর পরিশ্রম করছেন তাঁরা।

যুক্তরাষ্ট্রে 'বরবাদ' ছবি মুক্তি ১৮ এপ্রিল

শেষ পৃষ্ঠায় পর বুধবার (৯ এপ্রিল) স্থানীয় সময় সন্ধ্যা নিউ ইয়র্কে জ্যাকসন হাইটসের একটি রেস্তোরাঁয় এসকে ফিল্মস ইউএসএ-এর এক সংবাদ সম্মেলনে বিষয়টি জানানো হয়। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন এসকে ফিল্মস ইউএসএ-এর সার্বিক তত্ত্বাবধানে থাকা গ্যালাক্সি মিডিয়ার সিইও বদরুদ্দোজা সাগর, ফারজানা আক্তারসহ অনেকে।

আমেরিকায় এই ছবিটি পরিবেশনার দায়িত্ব পেয়েছে এসকে ফিল্ম ডিস্ট্রিবিউশন কোম্পানির যুক্তরাষ্ট্রস্থ গ্যালাক্সি মিডিয়া।

ঈদুল ফিতরে দেশে মুক্তি পাওয়া বরবাদ ছবিটি ব্যাপক জনপ্রিয়তা ও ব্যবসা সফল হওয়ায় আন্তর্জাতিক পর্যায়েও ব্যাপক সফলতা পাবে বলে জানান বদরুদ্দোজা সাগর। তিনি আরো জানান যুক্তরাষ্ট্রের বাঙালি অধ্যুষিত স্টেটসহ নিউইয়র্ক সিটির একাধিক হলে সিনেমাটি মুক্তি পাবে। এই ইভেন্টে সহায়তা করছে গ্যালাক্সি মিডিয়া। ইভেন্ট পার্টনার হিসেবে রয়েছে গোল্ডেন এজ হোম কেয়ার।

বদরুদ্দোজা সাগর বলেন, যুক্তরাষ্ট্র, কানাডার প্রবাসীরা 'বরবাদ' দেখার জন্য অনেক আগ্রহী। এসকে ফিল্মস ইউএসএ এসব দর্শকদের আগ্রহকে সম্মান জানিয়ে ১৮ এপ্রিল যুক্তরাষ্ট্র ও ১৯ এপ্রিল কানাডায় বরবাদ অফিশিয়ালি ইন্টারন্যাশনালি রিলিজ করছে। যেসব স্টেটে বাঙালী কমিউনিটি রয়েছে সেসব স্থানের থিয়েটার গুলোকে চলবে 'বরবাদ'। প্রথম সপ্তাহে ৩৫ থেকে ৪০টি থিয়েটারে 'বরবাদ' চলবে।

জানা গেছে, ১৮ এপ্রিল থেকে যুক্তরাষ্ট্রের যেসব শহরে 'বরবাদ' চলবে সেগুলোর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে, নিউ ইয়র্ক, বোস্টন, ভার্জিনিয়া, ওয়াশিংটন ডিসি, আটলান্টা, মিশিগান, সানফ্রান্সিসকো, লস এঞ্জেলেস, ম্যারিল্যান্ড, বাফেলো, ফিলাডেলফিয়া। এবং ১৯ এপ্রিল কানাডার বাঙালী জনবসতিপূর্ণ মন্ট্রিয়াল, অটোয়া এবং টরেন্টো এই তিন শহরে চলবে 'বরবাদ'।

রিয়েল এনার্জি প্রডাকশনের ব্যানারে মেহেদী হাসান হৃদয় পরিচালিত 'বরবাদ' ছবিতে শাকিব খানের নায়িকা ইধিকা পাল। আরও আছেন মিশা সওদাগর, ফজলুর রহমান বাবু, শহীদুজ্জামান সেলিম, যীশু সেনগুপ্ত, শ্যাম ভট্টাচার্য, মানব সাচদেভ প্রমুখ।

এছাড়াও প্রযোজনা প্রতিষ্ঠান এসকে ফিল্মস মধ্যপ্রাচ্য, ইউরোপ, অস্ট্রেলিয়া-তে এসকে ফিল্মস চলচ্চিত্র পরিবেশনার কাজ শুরু করবে।

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী

● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্সসহ বিভিন্ন
সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।
মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, E-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

বাংলাদেশ রেমিট্যান্স মেলা বয়কটের আহ্বান





শেষ পৃষ্ঠায় পর

সংবাদ সম্মেলনে প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট রাজনীতিক ও ব্যবসায়ী এবং জেবিবিএ'র সভাপতি গিয়াস আহমেদ। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন আরেক সমন্বয়ক কাজী মোহাম্মদ হাসান সিদ্দিকী। বক্তব্য রাখেন সমন্বয়ক দেলোয়ার হোসেন শিপন, ফাহাদ হোসেন প্রমুখ।

এছাড়াও সংবাদ সম্মেলনের দাবীর সাথে একাত্ততা প্রকাশ করে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, সাপ্তাহিক বাংলাদেশ সম্পাদক ডা. ওয়াজেদ এ খান, সাপ্তাহিক নিউইয়র্ক সময় সম্পাদক ও আইবিটিভি'র সিইও জাকারিয়া মাসুদ জিকো, সাংবাদিক ফরিদ আলম, যুক্তরাষ্ট্র জাগপা'র সভাপতি এ এস এম রহমতউল্লাহ ও বীর মুক্তিযোদ্ধা খন্দকার ফরহাদ।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে বলা হয়: বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন সহ আমরা নিউইয়র্ক প্রবাসী বাংলাদেশীরা অত্যন্ত উদ্বেগ ও সতর্কতার সাথে লক্ষ্য করছি যে, চব্বিশের গণঅভ্যুত্থান পরবর্তী সময়ে দেশ ও প্রবাসে পতিত স্বৈরাচারের দোসররা এখনো দেশের স্বার্থবিরোধী কর্মকাণ্ডে সক্রিয়। এরই অংশ হিসেবে নিউইয়র্ক ভিত্তিক দেশের অর্থ পাচারকারী একটি সিন্ডিকেট আগামী ১৯ ও ২০ এপ্রিল জ্যাকসন হাইটসের একটি রেস্টুরেন্টে রেমিট্যান্স মেলা আয়োজন করছে। পতিত ফ্যাসিবাদের চিহ্নিত দোসর, নামসর্বস্ব ভুঁইফোড় সংগঠনের বিতর্কিত ব্যক্তিদের উদ্যোগে আয়োজিত তথাকথিত এই রেমিট্যান্স মেলায় বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ মনসুর, ডেপুটি গভর্নর ড. মোঃ হাবিবুর রহমান ও পরিচালক মনোয়ার উদ্দীন আহমেদ অংশগ্রহণ করছেন বলে জানা গেছে। গভর্নর প্রধান অতিথি হিসেবে এই মেলা উদ্বোধন করতে ১৮ এপ্রিল নিউইয়র্ক পৌঁছাবেন। এছাড়া মেলায় উপস্থিত থাকবেন, বাংলাদেশের সরকারি ও বেসরকারি ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানের একঝাঁক চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক ও শীর্ষ কর্মকর্তা। এমন সংবাদে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে প্রবাসীদের মাঝে। সচেতন প্রবাসী বাংলাদেশীরা ইতোমধ্যেই ঘোষণা দিয়েছেন এই প্রচেষ্টা রুখে দেওয়ার।

অন্তবর্তীকালীন সরকার কাজ করছে অর্থনৈতিক স্থিতিশীলতা ফিরিয়ে আনতে এবং দেশ থেকে নতুন করে অর্থপাচার বন্ধ করতে। সর্বাত্মক চেষ্টা চালাচ্ছে ফ্যাসিবাদী আমলে বিদেশে পাচারকৃত অর্থ দেশে ফিরিয়ে নিতে। এসময়েও দেশ বিদেশে ঘাপটি মেরে থাকা দেশের লুটেরারা নানাভাবে ফন্দি আঁটছে নতুন করে দেশ থেকে অর্থ পাচারের। আমরা মনে করি, বাংলাদেশ ব্যাংক গভর্নর এদের খপ্পড়ে পড়েছেন। হাটছেন ফ্যাসিবাদী আমলের বাংলাদেশ ব্যাংক গভর্নর আতিউর রহমানের পথে। নিউইয়র্কে সরকারি বেসরকারি মিলিয়ে প্রায় এক ডজন রেমিট্যান্স হাউজ রয়েছে। তাদের একটি সংগঠনও সক্রিয়। এই সংগঠনকে পাশ কাটিয়ে আয়োজকদের সম্পর্কে অবহিত না হয়ে নিজেদেরকে বিতর্কিত করছেন বাংলাদেশের ব্যাংক কর্মকর্তাগণ।

আওয়ামী স্বৈরশাসনামলে সুবিধাভোগী বিশ্বজিৎ সাহার ইউএসএ বাংলাদেশ বিজনেস লিঙ্ক ও মুক্তধারা নিউইয়র্ক এই মেলার মূল আয়োজক। যদিও বাংলাদেশ-ইউএসএ চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (বিইউসিআই) এবং ইউএসএ বাংলাদেশ বিজনেস লিঙ্কের নামে নিউইয়র্কের অখ্যাত দু'টি সংগঠনকে আয়োজক বলে ঘোষণা করা হয়েছে। মেলা আয়োজনকে কেন্দ্র করে বিশ্বজিৎ সাহা প্রতি বছর যুক্তরাষ্ট্রে আওয়ামী ঘরানার সক্রিয় কতিপয় বুদ্ধিজীবী ও অ্যাক্টিভিষ্টদের ব্যবহার করেন ঢাল হিসেবে নিজের অসদুদ্দেশ্যকে আড়াল করার জন্য। আয়োজকরা বাংলাদেশের রাষ্ট্রায়ত্ত ও বেসরকারি খাতের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর কাছ থেকে হাতিয়ে নিয়েছে মোটা অংকের অর্থ। এই মেলার মূল আয়োজক বিশ্বজিৎ সাহার সিন্ডিকেটের সাথে বিগত দেড় দশকে জড়িয়ে পড়েন দেশের এক শ্রেনির লুটেরা ও অসৎ ব্যাংক কর্মকর্তা। বছরে একাধিকবার বিশ্বজিৎ এর এসব মেলার আড়ালে চলতো বড় ধরণের অর্থ পাচার। বাংলাদেশ ব্যাংকের তৎকালীন গভর্নর আতিউর রহমান বরাবরই ছিলেন মেলার প্রধান অতিথি। এবারো একই কায়দায় বাংলাদেশ ব্যাংকের বর্তমান গর্ভনর ডঃ আহসান এইচ মনসুরকে করা হয়েছে প্রধান অতিথি। সাধারণ প্রবাসীদের সাথে নূন্যতম কোন সম্পর্ক নেই এমন ব্যক্তি বিশ্বজিৎ সাহার মেলায় তাদের অংশগ্রহণ কার স্বার্থে? প্রশ্ন উঠেছে এখনো কিভাবে বাংলাদেশ ব্যাংক গর্ভনর এমন দায়িত্বহীন কর্মকান্ডে জড়াচ্ছেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে আরো বলা হয়: স্বৈরাচারের শীর্ষ পর্যায়ে অবাধ বিচরণকারী বিশ্বজিৎ সাহা গত বছরের অক্টোবর মাসে ম্যানহাটানে মেলা প্রাঙ্গণে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ছবি নিজ হাতে সরিয়ে ফেলেন। এর আগে সাবেক সরকার প্রধানকে খুশী করতে 'শেখ মুজিব হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী' প্রকল্পটি বাস্তবায়ন করেন বিশ্বজিৎ। এর মাধ্যমে আওয়ামী সরকারের সান্নিধ্যে চলে যান তিনি। রেমিট্যান্স মেলার উসিলায় বিশ্বজিৎ সখ্যতা গড়ে তুলেন শেখ হাসিনার অর্থ উপদেষ্টা মশিউর রহমান ও বাণিজ্য উপদেষ্টা সালমান এফ রহমানের সাথে। বাংলাদেশে গণঅভ্যুত্থানে গত ৫ আগষ্ট ফ্যাসিস্ট সরকারের পতন হলেও থেমে নেই বিশ্বজিৎ সাহার এসব প্রতারণাপূর্ণ অনুষ্ঠান আয়োজন। এজন্য তিনি যোগাযোগ অব্যাহত রেখেছেন অন্তবর্তীকালীন সরকারের বিভিন্ন পর্যায়ে।

সাধারণ প্রবাসী বাংলাদেশীদের অংশগ্রহণ নেই তার কোন অনুষ্ঠানেই। বিশ্বজিৎ সাহা দীর্ঘ তিন দশক যাবত মুক্তধারা বইমেলার নামে করে আসছেন বিভিন্ন ধরনের 'প্রতারণা ও আদম ব্যবসা'। অবৈধভাবে মুক্তধারার নাম ব্যবহার করার কারণে বাংলাদেশে মামলাও হয়েছে তার বিরুদ্ধে। রোড শো, রেমিট্যান্স ফেয়ার, ট্রেড ফেয়ারের নামে গত ১৫ বছরে যুক্তরাষ্ট্রে যে সব সমাবেশ হয়েছে কোনোটি থেকেই বাংলাদেশ লাভবান হয়নি। সে সময়ের প্রধানমন্ত্রী শেখ হাসিনার একমাত্র পুত্রের নাম ভাঙিয়েছেন বিশ্বজিৎ সাহা। প্রবাসী বাংলাদেশীদের প্রশ্ন অন্তবর্তী সরকারের অভ্যন্তরে থেকে কারা এসব প্রতারণামূলক কর্মকান্ডে সহযোগিতা করছে বিশ্বজিৎ সাহাকে?


সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে বলা হয়: আমরা বাংলাদেশ ব্যাংক গর্ভনরের এমন বিতর্কিত কর্মকান্ডের প্রতিবাদ এবং অন্তবর্তীকালীন সরকারের নিকট আহ্বান জানাই, বিষয়টি গুরুত্বের সাথে আমলে নিয়ে দেশের স্বার্থপরিপন্থি এসব কর্মকান্ডে যারা সম্পৃক্ত তাদেরকে বিচারের আওতায় আনার।

উল্লেখ্য, উল্লেখিত সংবাদ সম্মেলনে উত্থাপিত অভিযোগের প্রেক্ষিতে 'বাংলাদেশ রেমিট্যান্স মেলা'র প্রধান আয়োজক বিশ্বজিৎ সাহার বক্তব্য জানতে তার সাথে ফোনে যোগাযোগ করার চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি। এমন কি তার ফোনের ভয়েস ম্যাসেজ এ ম্যাসেজ রাখা হলেও তিনি এই রিপোর্ট লেখা পর্যন্ত (শনিবার মধ্যরাত) তিনি যোগাযোগ করেননি।

NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.
COMPLETE BODY REPAIR
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
Nur Bhai
President
718-551-1405
OPEN 24 HOURS
35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE
Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic
একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।
ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com
JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com
LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com
OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

উদ্বেগ কাটেনি, সমাধানে জোর



বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশের পণ্য প্রবেশের ক্ষেত্রে ট্রাম্প প্রশাসনের ঘোষিত অতিরিক্ত ৩৭ শতাংশ শুল্ক আরোপ করার পর উদ্বিগ্ন ছিল সরকার ও রপ্তানিকারকরা। তবে পাল্টা শুল্ক বা রিসিপ্রোক্যাল ট্যারিফ আরোপ তিন মাসের জন্য স্থগিতের ঘোষণায় স্বস্তি ফিরেছে। যেসব দেশ সমঝোতার চেষ্টা করেছে তাদের পুরস্কৃত করার ঘোষণার ঈঙ্গিত দিয়েছে ট্র্যাম্প প্রসাশন। পাশাপাশি ঘুরে দাঁড়িয়েছে বিশ্বের শেয়ারবাজার। অবশ্য বাংলাদেশের রপ্তানির জন্য স্বস্তি ফিরলেও আতঙ্ক কাটেনি। কারণ এই তিন মাস নূন্যতম ১০ শতাংশ পাল্টা শুল্ক বহাল থাকায় একধরনের অনিশ্চয়তা এখনো রয়ে গেছে।

রপ্তানিকারক এবং বিশ্লেষকরা জানিয়েছেন, যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশের পণ্যের শুল্কহার স্থায়ীভাবে সহনীয় পর্যায়ে নামিয়ে আনতে তিন মাস সময়কে অত্যন্ত গুরুত্ব দিয়ে কাজে লাগাতে হবে। এ ছাড়া বর্তমানের বাড়তি ১০ শতাংশ শুল্ককে কীভাবে শূন্য শতাংশে নামিয়ে আনা যায়, তার কৌশল নির্ধারণ ও প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। শুল্ক-অশুল্ক বাধার অভিযোগ গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে এসব দূর করতে হবে।

এদিকে বাংলাদেশি পণ্যের ওপর শুল্ক আরোপ ৯০ দিনের বিরতি চেয়ে গত সোমবার প্রেসিডেন্ট ট্রাম্পের কাছে চিঠি দেন ড. ইউনূস। অন্যদিকে বাংলাদেশে যুক্তরাষ্ট্রের ১০০ পণ্য আমদানিতে শুল্ক সুবিধা চেয়ে বাণিজ্য প্রতিনিধি রাষ্ট্রদূত জেমিসন গ্রিয়ারকে আলাদা চিঠি দিয়েছেন বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন। পরে ৯০ দিনের জন্য স্থগিতের অনুরোধে সাড়া দেয়ায় প্রেসিডেন্ট ট্রাম্পকে ধন্যবাদ জানিয়েছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস।

খাত সংশ্লিষ্টরা বলেছেন, এই বিরতি বাংলাদেশের প্রস্তুতির জন্য যথেষ্ট সময়। আপাতত তিন মাসের জন্য একটা স্বস্তি পাওয়া গেলেও ট্রাম্প প্রশাসন যাতে বাংলাদেশের ওপর আবার বাড়তি শুল্ক আরোপ না করে, সে জন্য সরকারকে যথাযথ প্রস্তুতি নিতে হবে। আবার চীন নতুন করে আরও বাড়তি শুল্কের মুখে পড়ায় আগামী ৯০ দিনের মধ্যে বাংলাদেশ সর্বোচ্চ সুবিধা নিতে পারে।

পোশাক কারখানার মালিকরা জানান, আগামী ৯০ দিনের বিরতিতে তারা স্বস্তি পেয়েছেন। তবে উদ্বেগ থেকেই গেছে। কারণ ট্রাম্প ঘোষিত শুল্ক ৯০ দিন পর কার্যকর হলে বাংলাদেশের ৪০ বিলিয়ন ডলারের পোশাক শিল্প সংকটে পড়বে। কারণ যুক্তরাষ্ট্রের বাজারে রপ্তানিকারকদের ৫৩.৫ শতাংশ পর্যন্ত শুল্ক গুনতে হবে।

আশঙ্কা: চীনা পণ্যের ওপর শুল্ক বহাল থাকায় চীন ইউরোপে সস্তা কাপড়ে বাজার সয়লাব করে দিতে পারে। এটি বাংলাদেশি রপ্তানিকারকদের জন্য আরেকটি সমস্যা হতে পারে বলে আশঙ্কা করছেন সংশ্লিষ্টরা। বাংলাদেশ যে ধরনের পণ্য বেশি রপ্তানি করে সেগুলোর গড় শুল্কহার ছিল গড়ে ১৫ শতাংশ। এর সঙ্গে ১০ শতাংশ যোগ হয়ে আপাতত শুল্কহার ২৫ শতাংশ হবে। দেশভিত্তিক ৩৭ শতাংশ শুল্ক যুক্ত হলে যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশের পণ্যে মোট শুল্কহার ৫২ শতাংশে দাঁড়াতো। এরমধ্যে বাংলাদেশসহ বিভিন্ন দেশ বাড়তি শুল্ক স্থগিত রাখার অনুরোধ জানায়। বাংলাদেশ সময় চেয়েছে তিন মাস।

তৎপর ঢাকা: চীন ছাড়া নতুন আরোপ করা পাল্টা শুল্ক ৯০ দিনের জন্য স্থগিত করেছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এই সময়ে দেশগুলোর পণ্যে পাল্টা শুল্ক নূন্যতম ১০ শতাংশ কার্যকর হবে। তবে যুক্তরাষ্ট্র বাড়তি শুল্ক তিন মাস স্থগিত করায় পরবর্তী করণীয় নিয়ে তৎপর হয়েছে ঢাকা। বৃহস্পতিবার সচিবালয়ে সাংবাদিকদের বাণিজ্য উপদেষ্টা বলেন, সরকারের উচ্চপর্যায়ে আলোচনা করে যুক্তরাষ্ট্রের সঙ্গে সব ধরনের বাণিজ্য ঘাটতি কাটিয়ে ওঠার চেষ্টা করা হবে। শুল্ক স্থগিত করায় আলোচনার সময় আরও পাচ্ছি। সাময়িক স্থগিতাদেশ দিয়েছে তাই নিজেদের সক্ষমতা বৃদ্ধি ও বাণিজ্যে ঘাটতি কমানোর নানা পদক্ষেপ নিতে পারবো।

শুল্ক স্থগিত করার অনুরোধ রাখায় ট্রাম্পকে ধন্যবাদ জানিয়েছেন বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। প্রেসিডেন্টের অফিসিয়াল এক্স অ্যাকাউন্ট মেনশন করে অধ্যাপক ইউনূস বলেছেন, '৯০ দিনের শুল্ক স্থগিত করতে আমরা যে অনুরোধ করেছিলাম, তাতে ইতিবাচক সাড়া দেয়ায় প্রেসিডেন্ট আপনাকে ধন্যবাদ। আপনার বাণিজ্য এজেন্ডাকে সমর্থন জানাতে আমরা আপনার প্রশাসনের সঙ্গে কাজ চালিয়ে যাবো।'

চীন থেকে রপ্তানি সরবে: ওদিকে অন্যান্য দেশের ওপর পাল্টা শুল্ক আপাতত স্থগিত করলেও চীনের প্রায় সব পণ্যে শুল্ক বাড়িয়ে ১৪৫ শতাংশ করেন ডোনাল্ড ট্রাম্প। আগের দিন চীনের পণ্যে শুল্ক ১২৫ শতাংশ করার কথা বললেও বৃহস্পতিবার হোয়াইট হাউস জানায়, এটা প্রায় সব পণ্যে হবে ১৪৫ শতাংশ। দেশটির ওপর এই শুল্ক ইতিমধ্যে কার্যকরও হয়েছে।

বাংলাদেশের পণ্য রপ্তানিকারকরা মনে করেছেন, এই শুল্ক শেষ পর্যন্ত বহাল থাকলে চীন থেকে যুক্তরাষ্ট্র ক্রেতা প্রতিষ্ঠানের ব্যবসা সরবে। এতে বাংলাদেশের লাভবান হওয়ার সুযোগ রয়েছে। চীনা পণ্যের ওপর যুক্তরাষ্ট্রের ১২৫ শতাংশ শুল্ক বাংলাদেশের উদ্যোক্তাদের জন্য রপ্তানি বাড়ানোর ক্ষেত্র তৈরি করেছে। অন্যদিকে যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্যযুদ্ধের কারণে চীনের বিনিয়োগকারীদের বাংলাদেশে কারখানা স্থাপনের সম্ভাবনা তৈরি হয়েছে। কেননা, চীন থেকে যুক্তরাষ্ট্রে পাঠানো পণ্যের দাম আগের চেয়ে দ্বিগুণ। ফলে চীন থেকে রপ্তানি এখন আর লাভজনক হবে না। ভিয়েতনামে আগেই চীনা উদ্যোক্তারা বড় বিনিয়োগ করে ফেলেছেন। সেখানে নতুন বিনিয়োগের সুযোগ কম। ফলে চীনের বিনিয়োগ টানার সুযোগ বাংলাদেশের সামনে।

তৈরি পোশাক শিল্পের মালিকদের সংগঠন বিজিএমইএ'র হিসাবে দেখা যায়, যুক্তরাষ্ট্রের বাজারে এখন থেকে ২ ডলারের একটি কটন টি-শার্ট চীন থেকে আমদানি হলে মোট শুল্ক দিতে হবে ২.৮৩ ডলার। ভিয়েতনাম ও বাংলাদেশ থেকে একই টি-শার্ট রপ্তানি হলে শুল্ক দিতে হবে ০.৫৩ ডলার।

বিকেএমইএ'র সাবেক সভাপতি ফজলুল হক বলেন, উচ্চ শুল্কের কারণে চীনের ক্রয়াদেশ সরবে। কারখানাও স্থানান্তরিত হবে। চীনের হারানো ব্যবসা নিতে বাংলাদেশকে কার্যকর উদ্যোগ নিতে হবে।

পুরস্কৃত করবেন ট্রাম্প: বিশ্বের অনেক দেশ ট্রাম্প প্রশাসনের সঙ্গে যোগাযোগ এবং সমঝোতার চেষ্টা করেছে গত কয়েকদিনে। হোয়াইট হাউসের তরফে ধারণা দেয়ার চেষ্টা করা হয়েছে, যেসব দেশ প্রতিশোধ নেয়ার চেষ্টা করেনি তাদের পুরস্কৃত করা হচ্ছে। হোয়াইট হাউস বাণিজ্যিক অংশীদারদের প্রতি একটি কঠোর বার্তা পাঠিয়ে বলেছে, প্রতিশোধ নিতে যাবেন না, তাহলে আপনাকেও পুরস্কৃত করা হবে।

বিশ্বব্যাংকের সাবেক প্রধান অর্থনীতিবিদ ড. জাহিদ হোসেন বলেন, আগামী তিন মাসের মধ্যে যুক্তরাষ্ট্রকে দেয়া প্রতিশ্রুতি অক্ষরে অক্ষরে পরিপালন করতে হবে। প্রয়োজনীয় সংস্কার নির্ধারিত এ সময়ের মধ্যেই শেষ করতে হবে। যাতে যুক্তরাষ্ট্র প্রশাসন বাড়তি ১০ শতাংশ শুল্ককে শূন্য শতাংশে নামিয়ে আনতে রাজি হয়। এ ব্যাপারে যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধির কার্যালয়ের সঙ্গে লেগে থাকতে হবে। আলাদা যোগাযোগ করতে হবে প্রেসিডেন্ট ট্রাম্পের সঙ্গে। তিনিও মনে করেন, চীনা উদ্যোক্তাদের বিনিয়োগ আসারও অনেক সম্ভাবনা তৈরি হয়েছে।

যুক্তরাষ্ট্রে পোশাক রপ্তানি: গত জানুয়ারি এবং ফেব্রুয়ারি মাসে যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানি বেড়েছে প্রায় ২৭ শতাংশ। এ হার যুক্তরাষ্ট্রের বাজারে শীর্ষ ১০ রপ্তানিকারক দেশগুলোর মধ্যে সবচেয়ে বেশি। যুক্তরাষ্ট্রের বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন প্রতিষ্ঠান অফিস অব টেক্সটাইল অ্যান্ড অ্যাপারেলওটেক্সর তথ্য বলছে, জানুয়ারি ও ফেব্রুয়ারি দুই মাসে প্রধান রপ্তানিকারক দেশ চীনের রপ্তানি বেড়েছে ৯ শতাংশেরও কম। ভিয়েতনামের বেড়েছে ১১ শতাংশ। ভারতের বেড়েছে প্রায় ২৬ শতাংশ। পাকিস্তানের পোশাকের রপ্তানি বেড়েছে ২৩ শতাংশ হারে। তবে রপ্তানি আয়ের অঙ্কে চীন ও ভিয়েতনামের চেয়ে পিছিয়ে আছে বাংলাদেশ। চীনের রপ্তানির পরিমাণ ছিল ২৭৭ কোটি ডলার। ভিয়েতনামের ২৬৩ কোটি ডলারের মতো। বাংলাদেশের রপ্তানি আয় ১৫০ কোটি ডলার। ভারত ও পাকিস্তানের রপ্তানির পরিমাণ ছিল যথাক্রমে ৯৬ কোটি ডলার ও ৩৬ কোটি ডলার। গত কয়েক মাসের রপ্তানি প্রবণতা বলছে, চীন ও ভিয়েতনামের সঙ্গে রপ্তানি পরিমাণের ব্যবধান কমছে। এই পরিসংখ্যান ভবিষ্যতের জন্য ইতিবাচক হিসেবে দেখছেন রপ্তানিকারকরা।

উল্লেখ্য, গত ২রা এপ্রিল যুক্তরাষ্ট্রের বাজারে প্রবেশে প্রায় ৬০টি দেশের পণ্যে সর্বোচ্চ ৫০ শতাংশসহ বিভিন্ন হারে শুল্ক আরোপের ঘোষণা দেন প্রেসিডেন্ট ট্রাম্প। এটি কার্যকর হওয়ার কথা ছিল ৯ই এপ্রিল। ডোনাল্ড ট্রাম্প কার্যকরের দিনে তিন মাসের জন্য দেশভিত্তিক বাড়তি শুল্ক আরোপ স্থগিত করেন। তবে ২রা এপ্রিলের ঘোষণায় কিছু ব্যতিক্রম ছাড়া সব পণ্যের ওপর সব দেশের জন্য ১০ শতাংশ বাড়তি শুল্ক আরোপ করা হয়, যা ৫ই এপ্রিল থেকে কার্যকর হয়ে গেছে।

নববর্ষে 'মঙ্গল শোভাযাত্রা' নয়, 'বর্ষবরণ আনন্দ শোভাযাত্রা'

বাংলা পত্রিকা ডেস্ক: বাংলা বর্ষবরণের অন্যতম আয়োজন 'মঙ্গল শোভাযাত্রা' নামটি এবারের আয়োজনে থাকছে না। এই শোভাযাত্রার নতুন নাম হবে 'বর্ষবরণ আনন্দ শোভাযাত্রা'।

শুক্রবার বেলা ১১টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদে এক সংবাদ সম্মেলনে এ নাম পরিবর্তনের সিদ্ধান্ত জানানো হয়।

চারুকলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আজহারুল ইসলাম শেখ জানান, এবার শোভাযাত্রার নাম হচ্ছে 'বর্ষবরণ আনন্দ শোভাযাত্রা'।

এ প্রসঙ্গে তিনি সাংবাদিকদের বলেন, ''নাম পরিবর্তনের বিষয়ে আমি পরিবর্তন বলতে চাই না। শুরুতে বর্ষবরণ ছিল আনন্দ শোভাযাত্রা। আগে যেভাবে হয়েছিলো সেটির স্বতঃস্ফূর্ততা কতোখানি ছিল সেটা বিশ্লেষণের বিষয়। পরবর্তীতে মঙ্গল শোভাযাত্রার ক্ষেত্রে কী ঘটেছে এজন্য পরিবর্তন নয়, পুনরুদ্ধার বলছি আনন্দ শোভাযাত্রাকে।''

সংবাদ সম্মেলনে জানানো হয়, অন্যান্য বছরের চেয়ে এ বছরের শোভাযাত্রাটি হবে 'সর্ববৃহৎ, অন্তর্ভুক্তিমূলক, বর্ণাঢ্য ও জাঁকজমকপূর্ণ'। শোভাযাত্রায় বৈচিত্র্য ও বিভিন্ন জাতিসত্তার অংশগ্রহণ থাকবে।

চারুকলা অনুষদের ডিন জানান, এবারের 'নববর্ষের ঐকতান, ফ্যাসিবাদের অবসান' প্রতিপাদ্যকে সামনে রেখে শোভাযাত্রায় অংশ নেবে বাংলাদেশে থাকা ২৮টি জনগোষ্ঠী।

সবার অংশগ্রহণের মধ্য শোভাযাত্রাটি 'সকলের হয়ে উঠবে' বলে মনে করছেন আয়োজন সংশ্লিষ্টরা।



আনন্দের ভ্রমণ বিষাদে পরিণত হাডসনের জলে!

প্রথম পৃষ্ঠার পর কিছুক্ষণ পর কি ঘটতে যাচ্ছে তাদের জীবনে। আকাশে ওড়ার কিছু সময় পর তাদের বহনকারী হেলিকপ্টারটি আকাশেই খন্ড-বিখন্ডিত হয়ে আছড়ে পড়ে নিউইয়র্কের হাডসন নদীতে। মুহূর্তেই জন্মদিন উদযাপনের সেই আনন্দ বিষাদে পরিণত হলো হাডসনের জলে। পুরো নিউইয়র্ক ও নিউ জার্সী সিটিবাসী এমন মর্মান্তিক হৃদয়বিদারক ঘটনার স্বাক্ষী হয়ে রইলো শুধু। অগাস্টিন এস্কোবার ও তাঁর পরিবার স্পেনের বার্সেলোনার নাগরিক।

মর্মান্তিক এ দূর্ঘটনাটি ঘটে বৃহস্পতিবার বিকেল ৩টা ১৫ মিনিটের দিকে নিউইয়র্ক-নিউজার্সি সীমান্তের হল্যান্ড টানেলের কাছে। এতে হেলিকপ্টারে থাকা অগাস্টিন এসকোবার (৪৫), তাঁর স্ত্রী মার্কে ক্যাম্প্রুবি (৪০), তিন শিশু সন্তান অগাস্টিন (১০), মার্সিডিজ (৮), ভিক্টর (৪) ও পাইলট শন জনসন (৩৬) মারা যান। এ ঘটনায় পুরো নিউইয়র্কজুড়ে শোকের ছায়া নেমেছে।

ঘটনার পরপরই জরুরি উদ্ধারকারী দল নদীতে হেলিকপ্টার বিধ্বস্তে উদ্ধার কার্যক্রম চালিয়ে নিহতদের উদ্ধার করেন। দুর্ঘটনার বিষয়টি তদন্ত করছে এফএএ ও এনটিএসবি। সিটি মেয়র ঘটনাস্থলে গিয়ে উদ্ধার কার্যক্রম পরিদর্শন করেন এবং মেয়র এরিক অ্যাডামস এ সময় নিহতদের প্রতি গভীর শোক প্রকাশ করেন। এদিকে অগাস্টিন এসকোবার, তাঁর স্ত্রী মার্কে ক্যাম্প্রুবি মন্টালে শোকস্তব্দ পরিবার ঘটনা জানার পরপরই স্পেন থেকে নিউইয়র্ক সিটি কর্তৃপক্ষকে তাদের মরদেহ দেশে ফেরত নিয়ে যাওয়ার জন্য সহযোগিতা কামনা করে। শনিবার মার্কে ক্যাম্প্রুবির ভাই ক্যাম্প্রুবি মন্টাল স্পেন থেকে নিউইয়র্কে আসেন। নিউইয়র্ক সিটি মেয়র এরিক এডামসসহ ক্যাম্প্রুবি মন্টাল ঘটনাস্থলে যান পরিদর্শনে এবং সেখানে নিহতদের স্মরণে ফুলের শ্রদ্ধা জানান। এসময় ক্যাম্প্রুবি মন্টাল বলেন,





হেলিকেপ্টর দূর্ঘটনার আগে নিজেদের আনন্দ ও হাস্যজ্জ্বল ছবি তুলে সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট দেন অগাস্টিন এসকোবার ও তাঁর স্ত্রী মার্কে ক্যাম্প্রুবি। ছবি নিউইয়র্ক পোস্ট

আমার বোন পরিবার নিয়ে এসেছিলো নিউইয়র্কে ভ্রমণে। এখানে তাদের আনন্দঘন মুহূর্তের ছবি দেখেছিলাম, যা ছিলো খুবই সুখকর। কয়েকঘন্টার ব্যবধানে তাদের মৃত্যুর খবর পেয়ে বিশ্বাসই হচ্ছিলোনা। মার্কে ক্যাম্প্রুবি নিজের ও তার ছেলের জন্মদিন ছিলো ১০ এপ্রিল। তার ও শিশুর জন্মদিনে হারালাম তাদের। কখনো তাদের ভুলতে পারবো না। আমরা তাদের মরদেহ দেশে ফিরিয়ে সেখানেই সমাহিত করতে চাই। এজন্য সিটি প্রশাসনের সহযোগিতা একান্ত কাম্য।

মেয়র এরিক এডামস নিহতদের স্মরণে ফুলের শ্রদ্ধা জানিয়ে বলেন 'এ ঘটনাটি হৃদয়বিদারক। আমাদের কাছে এটি ট্র্যাজিডি হয়ে থাকবে।' ঘটনার প্রত্যক্ষদর্শীদের রেকর্ডকৃত ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশ হয়।

প্রকাশিত ভিডিও এবং নিউইয়র্ক সিটি ফায়ার ডিপার্টমেন্ট সূত্রে জানা গেছে, বেল ২০৬ মডেলের হেলিকপ্টারটি একটি টুরিস্ট পরিবারকে নিয়ে ডাউন টাউন থেকে নিউজার্সির দিকে যাচ্ছিলো। উড্ডয়নের কিছু সময় পর হল্যান্ড টানেলের আকাশে হেলিকপ্টরটির পাখা বিচ্ছিন্ন হয়ে যায় এবং মুহূর্তেই তা বিধ্বস্ত হয়ে নদীতে পড়ে। এতে ওই হেলিকপ্টরটিতে থাকা তিন শিশুসহ একই পরিবারে ৫ সদস্য এবং পাইলট নিহত হন। উদ্ধারকারীরা দুর্ঘটনাস্থল থেকে তাদের উদ্ধার করে স্থানীয় হাসপাতালে নিয়ে গেলে সেখানে তাদের মৃত ঘোষণা করা হয়। যাত্রীদের সবাই একই পরিবারের এবং স্পেনের নাগরিক। তারা পর্যটক হিসেবে হেলিকপ্টারযোগে নিউইয়র্ক থেকে নিউজার্সী যাচ্ছিলেন।

শনিবার এ ঘটনার একাধিক তদন্তকারী টিম সূত্রে জানা গেছে, হেলিকেপ্টর কোম্পানী 'নিউইয়র্ক হেলিকেপ্টরর্স'কে মাসখানেক আগে দূর্ঘটনাকবলিত হেলিকেপ্টরটি ত্রুটিযুক্ত ছিলো বলে জানানো হয়েছিলো। এমন নির্দেশনার পরও ত্রুটিযুক্ত হেলিকেপ্টরটি কেন পরিবহন সার্ভিসে রাখা হলো সেটি খতিয়ে দেখা হচ্ছে।

গত কয়েক বছরে হাডসন নদীতে একাধিক বিমান ও হেলিকপ্টার বিধ্বস্তের দুর্ঘটনা ঘটেছে, যার মধ্যে ২০০৯ সালের 'মিরাকল অন দ্য হাডসন' সবচেয়ে আলোচিত ও মর্মান্তিক দূর্ঘটনা ছিলো।

ওজনপার্ক ও ফ্রকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কনজেস্টেড এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.

(Operate by JH office)



Operate by JH office
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Crow St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



এমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ আছেন। আপনাদের মঙ্গলকর জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপন-ারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ট্রাম্প সরকারিভাবে কিছু গ্রিনকার্ড আবেদন প্রক্রিয়া বন্ধ করে রেখেছে সাময়িকভাবে

সিবিএস নিউজের প্রতিবেদন থেকে জানা যায় যে, অনুমোদিত শরণার্থীদের কিছু অংশের গ্রিনকার্ডের প্রক্রিয়া সাময়িকভাবে বন্ধ করে রেখেছে। আরও ব্যাপকভাবে তাদের তদন্তের জন্য হোয়াইট হাউজ এই পদক্ষেপ নিয়েছে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প স্বাক্ষরিত ইমিগ্রেশন সংক্রান্ত দুটি নির্বাহী আদেশ পালনে এই সাময়িক বন্ধ প্রক্রিয়া জরুরী ছিলো।

হোমল্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট (ডিএইচএস) থেকে বলা হয়েছে যে, ইউনাইটেড স্টেটস সিটিজেনশীপ এ্যান্ড ইমিগ্রেশন (ইউএসসিআইএস) সাময়িকভাবে কিছু আবেদন চুড়ান্ত করা বন্ধ করে দিয়েছে এই কারণে যে, অনিবার্য জালিয়াতি কিছু আবেদনের ক্ষেত্রে ঘটেছে কিনা তা আরও ব্যাপকভাবে তদন্তে নিশ্চিত হতেই ট্রাম্পের আদেশের সংগতি রেখে এই পদক্ষেপ।

আপনার আবেদন যদি এক বছর আগে ফাইল করা হয়ে থাকে এবং তা যদি অনুমোদিত হয়ে থাকে, তবে সেই এডজাস্টমেন্টের ক্ষেত্রে এই পদক্ষেপ প্রযোজ্য হবে এবং আপনাকে মানসিকভাবে প্রস্তুত থাকতে হবে যে, আপনার এডজাস্টমেন্ট অব স্ট্যাটাসের সময় অনুমোদিত সময়ের চেয়ে বেশি হবে। আপনার আবেদন যদি পেন্ডিং থাকে অথবা আপনি আবেদন করতে চাচ্ছেন, সেক্ষেত্রে অনুগ্রহ করে আরও বিস্তারিত জানতে আপনি প্রয়োজনবোধে আপনার অভিজ্ঞ এটর্নীর সাথে পরামর্শ করুন।

আমরা সবসময় পরামর্শ দিয়ে থাকি যে ভুল সিদ্বান্ত গ্রহণ করা থেকে বিরত থাকুন।

এবার নিম্নে রেজিস্ট্রেশন আইনের কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় পুনরায় তুলে ধরা হলো আপনাদের জানতে প্রেক্ষিতে।

কাকে রেজিস্টার করতে হবে অর্থ্যাৎ যাদের জন্য রেজিস্ট্রেশন প্রযোজ্য:

যারা বিনা ইন্সপেকশনে এবং এ্যাডমিশনে ঢুকেছে- তাদের অবশ্যই রেজিস্টার করতে হবে। যেকোন বিদেশী নাগরিক যাদের কোন রেজিস্ট্রেশনের প্রমাণ ইস্যু করা হয় নাই। যেমন কানাডার নাগরিক যারা স্থল বন্দর দিয়ে ঢুকেছে এবং কতিপয় বিদেশি নাগরিক যাদের ডাকা স্ট্যাটাস মঞ্জুর করা হয়েছে অথবা যাদের সাময়িক প্রটেক্টেড স্ট্যাটাস (টিপিএস) রয়েছে।

যেকোন বিদেশি নাগরিক ইউএসএ'তে আছেন তাদের বয়স যদি ১৪ বছর হয়, তারা আগে রেজিস্টার করলেও তাদের অবশ্যই রেজিস্টার করতে হবে।

যথাযথভাবে রেজিস্টার করতে ব্যর্থ হলে তাদের ক্রিমিনাল এবং সিভিল জরিমানা গুনতে হবে। যেমন মিসডমিনার প্রসিকিউশন এবং জরিমানা।

কাদের রেজিস্ট্রেশন লাগবেনা:

নিম্ন বর্ণিতদের রেজিস্ট্রেশন লাগবেনা

কেউ যদি আইনসম্মত পার্মানেন্ট রেসিডেন্ট অথবা পার্মানেন্ট রেসিডেন্টের জন্য আবেদন করেছেন।

কেউ যদি প্যারোলে ইউএসএ আসেন। যদি কাউকে ইমিগ্র্যান্ট অথবা নন ইমিগ্র্যান্ট কিংবা এমপ্লয়মেন্ট অথরাইজেশন ডকুমেন্ট ইস্যু করা হয়। সীমান্ত অতিক্রম করার সময় করার সময় যদি কোন ডকুমেন্ট ইস্যু করা হয়।

ইউএসসিআইএস অতিসত্বর রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে একটি প্রক্রিয়া ঘোষণা করবে। আপনি ইউএসসিআইএস বা একজন এটর্নীর সাথে (প্রয়োজনবোধে) যোগাযোগ করান এবং নিশ্চিত হোন যে আপনাকে রেজিস্ট্রেশন করতে হবে কিনা।

এপ্রিল ২০২৫ ভিসা বুলেটিন:

ইউএস স্টেট ডিপার্টমেন্ট ডিওএস এপ্রিল ২০২৫ এর ভিসা প্রকাশ করেছে নিম্নে এপ্রিল ২০২৫ এর পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো ।

উল্লেখ্য যে, 'ফাইনাল অ্যাকশন ডেট' বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএস সি আই এস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। এতে করে আপনাদের প্রায়োরিটি তারিখ হবে এই তারিখের পূর্বে।

এপ্রিল ২০২৫ ভিসা সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে তেমন কোন অগ্রগতি নেই। অর্থাৎ খুব সামান্য অগ্রগতি হয়েছে।

ফ্যামিলি স্পন্সর প্রেফারেন্সেস:

প্রথম: (এক ১) ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র কন্যা: মার্চ ১৫, ২০১৬ ।

দ্বিতীয়: পার্মানান্ট রেসিডেন্সদের স্পাউস (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র কন্যা।

এ.(এফ ২) : পার্মানান্ট রেসিডেন্সদের স্পাউস (স্বামী/স্ত্রী), এবং ২১ নিম্ন বয়সের সন্তান, জানুয়ারি ০১, ২০২২।

বি. (এফ ২বি): পার্মানান্ট রেসিডেন্সদের অবিবাহিত সন্তান (২১ বছর বা তদুর্ধ বয়সি) মে ২২, ২০১৬।

তৃতীয়: (এফএ) ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র কন্যা, এপ্রিল ১ ২০১১।

চতুর্থ: (এফ ৪) প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই বোন, আগষ্ট ০১, ২০০৭।

পারিবারিক ও চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেট এর ওয়েবসাইট ভিজিট করুন।

ইমিগ্রেশন বিষয়ে আমাদের পরামর্শ হচ্ছে যেকোনো চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ এটর্নির সাথে পরামর্শ করা ভালো। যাতে তিনি আপনার সাথে আলাপ করে সঠিক ও ভালো পরামর্শ দিতে পারবেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা:
২২৫ ব্রডওয়ে (৩৮ তলা),
নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল:
kazmiandreeves@gmail.com

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DFS NJ, DFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1888789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন – আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist
আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন,
তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।
*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *প্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।
শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)
আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা
আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।
স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।
Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

GLOBAL MULTI SERVICES, INC



তারেক হাসান খান, সিইও
অভিজ্ঞ ট্যাক্স প্রিপারেটরের মাধ্যমে
ট্যাক্স এনালাইসিস ও ফাইলিং করা হয়
- INCOME TAX
- IMMIGRATION
- ACCOUNTING
- TAX AUDIT
- BUSINESS SETUP
- TRAVELS



37-18, 74th Street, Suite#202, Jackson Heights, NY 11372
Ph: (718) 205-2360, Fax: (718) 799-5864, Email: globalmsinc@yahoo.com

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে

প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.



নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



আমরা বাংলায় কথা বলি

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনাদের সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

SEEMA GULIANI, ESQ / ATTORNY AT LAW

LAW OFFICE OF SEEMA GULIANI

BY APPOINTMENT ONLY

☎ 212-691-4343

Em@il *seemagulianiesq@gmail.com*

198-42 FOOTHILL AVE. HOLLIS NY. 11423

WE SPECIALIZE IN

- VAWA
- ASYLUM
- NVC PROCESS
- NATURALIZATION
- TOURIST VISAS (B1/B2)
- RELIGIOUS WORKER
- UNCONTESTED DIVORCES
- FAMILY BASED PETITIONS
- FIANCE/MARRAIGE VISAS
- LEGAL PERMANENT RESIDENCY
- EMPLOYMENT BASED VISAS

(H-1B. PERM, I-140. EB1, EB2, EB3



বাতিল হচ্ছে ২২ হাজার অভিবাসীর টেম্পোরারি প্রটেকশন

প্রথম পৃষ্ঠার পর

মাধ্যমে যুক্তরাষ্ট্রে প্রবেশকারীরা বিতাড়নের ঝুঁকি থেকে মুক্ত থাকেন এবং কাজ করার অনুমতি পান। সাধারণত প্রাকৃতিক দুর্যোগ, সশস্ত্র সংঘাত বা অন্য কোনো অস্বাভাবিক পরিস্থিতির শিকার দেশের নাগরিকরা যুক্তরাষ্ট্রের টিপিএস সুবিধা নেওয়ার উপযুক্ত বলে বিবেচিত হয়ে থাকেন।

এই সিদ্ধান্তের ফলে সাময়িক সুরক্ষা মর্যাদা সুবিধা হারাবেন ১৪ হাজার ৬০০ আফগান। সামনের মাসে তাদের সুবিধা বাতিল করা হবে। আর ৭ হাজার ৯০০ ক্যামেরুনিয়ানের অভিবাসীর মর্যাদা বাতিল হবে জুন মাসে।

হোমল্যান্ড সিকিউরিটির মুখপাত্র ট্রিসিয়া ম্যাকলিন এক বিবৃতিতে বলেছেন, আফগানিস্তান ও ক্যামেরুনের বর্তমান পরিস্থিতিতে টিপিএস সুবিধা নবায়নের প্রয়োজনীয়তা দেখছেন না হোমল্যান্ড সিকিউরিটি সেক্রেটারি ক্রিস্টি নোয়েম। নিজের প্রথম মেয়াদেও অধিকাংশ মানুষের টিপিএস সুবিধা বাতিলের চেষ্টা করেছিলেন ট্রাম্প। তবে আদালতের হস্তক্ষেপে সেই সময় সফল হতে পারেননি তিনি।

অল্পের জন্য বিমান দুর্ঘটনা থেকে রক্ষা

প্রথম পৃষ্ঠার পর

আরেকটি বিমানের মৃদু সংঘর্ষ হয়েছে। বৃহস্পতিবার দুপুরে রানওয়েতে দূর্ঘটনাটি ঘটে। বিমানটিতে নিউইয়র্ক ও নিউজার্সির অন্তত ছয়জন ইউএস কংগ্রেস সদস্য ছিলেন। ঘটনার সময় একাধিক কংগ্রেস সদস্য সহ অন্যান্য যাত্রীদের নিয়ে রানওয়েতে দাঁড়িয়ে থাকা আমেরিকান এয়ারলাইন্সের জেএফকে-গামী ফ্লাইটটির ডানায় চার্লসটন-গামী একই এয়ারলাইন্সের আরেকটি বিমান ধাক্কা দেয়। তবে এতে কেউ আহত হয়নি। দূর্ঘটনার পরপরই গ্রেস মেং তার এক্স পেজ-এ ভিডিও বার্তায় বলেছেন, তিনি ভালো আছেন।

নিউইয়র্কগামী বিমানটিতে আরও ছিলেন নিউইয়র্কের ডেমোক্র্যাটিক দলীয় প্রতিনিধি অ্যাড্রিয়ানো এসপাইল্যাট, রিচি টরেস ও গ্রেগরি মিক্স এবং নিউজার্সির ডেমোক্র্যাট জোশ গোথেইমার। তারা সবাই পাসওভার ও ইস্টারের জন্য দুই সপ্তাহের ছুটিতে আসছিলেন।

ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশন-এফএএ ঘটনার তদন্ত করছে। প্রসঙ্গত, গত জানুয়ারীতে ওয়াশিংটন ডিসিতে সংঘটিত বিমান দূর্ঘটনায় ৬৭ জনের মৃত্যু ঘটে।

বছরে ১০ লাখ অবৈধ অভিবাসীকে

প্রথম পৃষ্ঠার পর

হবে বিশাল একটি রেকর্ড। কারণ সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামার সময় বছরে সর্বোচ্চ এ সংখ্যা ছিল চার লাখের কিছু বেশি।

নাম প্রকাশ না করার শর্তে কর্মকর্তারা বলেছেন, কীভাবে এ সংখ্যা গণনা করা হচ্ছে, তা প্রকাশ করা হচ্ছে না। বিশ্লেষকরা বলছেন, তহবিল, কর্মীদের স্তর ও দেশ থেকে বের করে দেওয়ার আগে বেশির ভাগ অভিবাসীর আদালতের শুনানির অধিকার রয়েছে, তা বিবেচনা করলে এ লক্ষ্য অবাস্তব। যদিও তা অসম্ভব নয়।

বর্তমান ও সাবেক দুই কর্মকর্তা জানিয়েছেন, হোয়াইট হাউসের উপদেষ্টা স্টিফেন মিলার এই লক্ষ্য অর্জনে প্রায় প্রতিদিনই হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ এবং অন্যান্য ফেডারেল সংস্থার কর্মকর্তার সঙ্গে কৌশল তৈরি করছেন। কর্মকর্তারা বলছেন, দ্রুত সংখ্যা বৃদ্ধির একটি কৌশল হলো ১৪ লাখ অভিবাসীর মধ্যে যাদের চূড়ান্ত নির্বাসন আদেশ রয়েছে, তাদের ফেরত পাঠানো। তাদের নিজ দেশ ফিরিয়ে নিতে না চাইলে তৃতীয় কোনো দেশে পাঠিয়ে দেওয়া। সম্প্রতি আদালতে দায়ের করা এক মামলায় প্রশাসন জানিয়েছে, তারা হাজার হাজার অভিবাসীকে তৃতীয় দেশ হিসেবে পরিচিত এমন গন্তব্যগুলোয় পাঠানোর আশা করছে। এমন ৩০টিরও বেশি দেশের সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনা চলছে।

যুক্তরাষ্ট্র প্রশাসন বছরের পর বছর ধরে তৃতীয় দেশে অভিবাসীদের পাঠানোর চেষ্টা করে আসছে। ট্রাম্প দেশটির ইতিহাসে সবচেয়ে বেশি অভিবাসীকে তৃতীয় দেশে পাঠিয়ে দিতে চান। কর্মকর্তারা ইতোমধ্যেই মেক্সিকো, কোস্টারিকা, পানামাসহ এমন দেশগুলোয় তাদের পাঠানো শুরু করেছেন।

এ বিষয়ে হোয়াইট হাউসের মুখপাত্র কুশ দেশাই সরকারের লক্ষ্য সম্পর্কে প্রশ্নের উত্তর দেননি। তিনি একটি ই-মেইলে বলেছেন, সীমান্ত নিরাপত্তা ও অভিবাসন নিয়ে বাইডেন প্রশাসনের ব্যবস্থাপনা মেরামত করার জন্য ট্রাম্প প্রশাসনের ভোটারদের কাছ থেকে একটি ম্যান্ডেট ছিল। তিনি বলেন, ট্রাম্প প্রশাসন এই ম্যান্ডেট পূরণে একমত। স্বেচ্ছাচারী নয়, সন্ত্রাসী ও অপরাধী অবৈধ অভিবাসীদের গণনির্বাসন নিশ্চিত করার জন্য নিয়মতান্ত্রিকভাবেই তাদের পাঠানো হবে।

এদিকে ফিলিস্তিনপন্থী অভিযোগ এনে কয়েক শতাধিক স্টুডেন্ট ভিসা বাতিল করেছে পররাষ্ট্র দপ্তর। এর মধ্যে বেশ কয়েকজন গ্রীনকার্ডধারীকে গ্রেপ্তার ও ভিসা বাতিলের চেষ্টা করছে হোমল্যান্ড সিকিউরিটি। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও স্বরাষ্ট্রমন্ত্রী ক্রিস্টি নোয়েমের কথা উল্লেখ করে মন্ত্রণালয় লিখেছে, অবৈধ অভিবাসীর প্রতি তাদের স্পষ্ট বার্তা হলো– যুক্তরাষ্ট্র ছাড়ুন এবং স্বেচ্ছায় নিজ দেশে ফিরে যান।



LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

নিউইয়র্কে ওয়ার্ল্ড বাংলা মিউজিকের পিঠা উৎসব







শেষ পৃষ্ঠায় পর (৬ এপ্রিল) সন্ধ্যা ৭টা থেকে গভীর রাত পর্যন্ত চলে এই আয়োজন। প্রাণবন্ত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিপুলসংখ্যক প্রবাসী বাংলাদেশিরা।

আয়োজক সংস্থা ওয়ার্ল্ড বাংলা মিউজিকের কর্ণধার এম এন জামান বলেন, প্রবাসে থেকেও আমরা চেষ্টা করি আমাদের সংস্কৃতি ও ঐতিহ্য ধরে রাখতে। এটা শুধু একটি সাংস্কৃতিক অনুষ্ঠান নয়, এটি প্রবাসীদের মাঝে বন্ধনের সেতু রচনা করে। ভবিষ্যতেও আমরা এমন আয়োজন করতে চাই।

উৎসবে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঠিকানার সম্পাদকীয় বোর্ডের চেয়ারম্যান এম এম শাহীন। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট ব্যবসায়ী, রাজনীতিবিদ গিয়াস আহমেদ, ইঞ্জিনিয়ার আব্দুল খালেক, কাজী আজম, জসিম উদ্দিন ভূইয়া ও নাইম টুটুল। এছাড়াও নিউইয়র্কে বসবাসকারী প্রবাসী গণ্যমান্য ব্যক্তিরাও উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে উপস্থাপনা করেন সোনিয়া ও প্রফেসর সৈয়দ আজাদ।

অনুষ্ঠানে এম এম শাহীন তার বক্তব্যে বলেন, এমন প্রাণবন্ত সাংস্কৃতিক অনুষ্ঠান আমাদের প্রজন্মের জন্য অনুপ্রেরণা। আমি আয়োজকদের ধন্যবাদ জানাই এমন অসাধারণ এক মিলনমেলা আয়োজনের জন্য। এছাড়া প্রধান অতিথি গিয়াস আহমেদ বলেন,সংস্কৃতির শক্তি মানুষকে একত্রিত করে। এই আয়োজন সেই উদাহরণ। প্রবাসে থেকেও বাংলা সংস্কৃতিকে এমনভাবে তুলে ধরা প্রশংসনীয়।

ঈদ পরবর্তী প্রবাসীদের এই মিলনমেলায় উপস্থিত ছিলেন এটিবি ইউএসএ ও আসা হোম কেয়ার-এর সিইও আকাশ রহমান এবং তার সহধর্মিণী। এ সময় তিনি বলেন, প্রবাসে বাঙালিদের মিলনমেলা আমাদের সমাজের শক্তিকে তুলে ধরে। আমি এমন একটি আয়োজনে উপস্থিত থাকতে পেরে গর্বিত। সাংস্কৃতিক অনুষ্ঠানগুলোর মধ্য দিয়েই আমাদের পরিচয় প্রজন্ম থেকে প্রজন্মে পৌঁছে যাবে।

ইঞ্জিনিয়ার আব্দুল খালেক বলেন, এ ধরনের আয়োজন শুধু বিনোদন নয়, এটি প্রবাসী সমাজকে ঐক্যবদ্ধ রাখে। এখানে প্রজন্মের পর প্রজন্ম একসাথে আনন্দ ভাগ করে নেয়। এটাই আমাদের সবচেয়ে বড় প্রাপ্তি। আয়োজনে আরও উপস্থিত ছিলেন, ডেমোক্রেটিক পার্টির ডিস্ট্রিক্ট লীডার এটর্নী মঈন চৌধুরী ,সালেহ আহমেদ -(ফামাসিষ্ট) ,ডাক্তার আমজাদ,সোহেল বেগ (এনআইপিডি পুলিশ)।

অনুষ্ঠানে গান পরিবেশন করেন জনপ্রিয় শিল্পী নাজু আকন্দ, বিন্দু কনা, অংকন ইয়াসমিন, রাজিব ভট্টাচার্য ও শাহ মাহবুব। তাদের সুরে ও কণ্ঠে মুখরিত হয় গোটা আয়োজন। প্রিয় শিল্পীদের কণ্ঠে দেশীয় জনপ্রিয় গান উপভোগ করেন প্রবাসীরা। করতালির মাধ্যমে ক্ষণে ক্ষণে উৎসাহ দেন শিল্পীদের।

এ সময় নৃত্য ও ফ্যাশন পরিবেশন করেন জনপ্রিয় মডেল ও পারফর্মাররা। পুরো মঞ্চ কাঁপিয়ে রাখে ব্যান্ড পারফর্মেন্স মাটি ব্যান্ড ও মোবারক ঢুল্কির দল।

এই আয়োজনকে ঘিরে পুরো প্রবাসী সমাজের মধ্যে এক উচ্ছ্বাস ও উদ্দীপনার আবহ তৈরি হয়। অতিথি, শিল্পী, আয়োজক, স্বেচ্ছাসেবক ও দর্শকদের অংশগ্রহণে নিউইয়র্কের এই ঈদ পুনর্মিলনী ও পিঠা উৎসব ছিল প্রাণবন্ত।










মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem
MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.
Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি
★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট
646-920-4799
আপনাদের সেবাই আমাদের লক্ষ্য
● ব্যক্তিগত পরামর্শ ● ইন্টারেস্ট রেট কম ● ইনভেস্টমেন্ট
● ফ্রি এপ্রোভাল ● ফাস্ট ক্লোজিং ● দ্রুত এবং বিশ্বস্ত
139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

নিউইয়র্কে শুরু হচ্ছে আমেরিকান কারি অ্যাওয়ার্ডসের

শেষ পৃষ্ঠায় পর এ আয়োজনে প্রস্তুতি কার্যক্রম চলছে জোরেসোরে। বাংলাদেশ, ভারত, এশিয়া ও ইউরোপসহ বিশ্বের বিভিন্ন মহাদেশ থেকে রন্ধন শিল্পের সঙ্গে যুক্ত শেফরা এ অ্যাওয়ার্ডস আয়োজনের বিভিন্ন পর্বে অংশ নেবেন। একই সঙ্গে থ াকবে হোম শেফদেরও এতে অংশগ্রহণের সুযোগ।

আয়োজকদের প্রেরিত বিজ্ঞপ্তিতে জানা গেছে, অ্যাওয়ার্ডস'র মূল পর্ব আয়োজনের আগে নিউইয়র্কের কুইন্স ও ব্রঙ্কসে দুটি প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। বাসা-বাড়িতে যারা ক্যাটারিং করেন তাদের মধ্যে তিনটি ক্যাটাগরিতে তিনজনকে প্রতিযোগিতার মাধ্যমে বিজয়ী ঘোষণা করে বেস্ট হোম শেফ অ্যাওয়ার্ড দেওয়া হবে। আগামী ১১ মে রোববার জ্যামাইকার কুইন্সে আশা হোম কেয়ার এবং ১৮ মে রোববার ব্রঙ্কসের খলিল বিরিয়ানিতে হোম শেফদের প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এজন্য অনলাইনে রেজিস্ট্রেশন শুরু হয়েছে। এছাড়াও +১৯১৭-৭২২-৪৭০৩ নম্বরে যোগাযোগ করে বিস্তারিত জানা যাবে।

২৪ মে শনিবার কুইন্সের অভিজাত ভেন্যু টেরেস অন দ্য পার্কে এছাড়াও বিভিন্ন ক্যাটাগরিতে এওয়ার্ডস দেওয়া হবে। ক্যাটাগরিগুলো হলো– বেস্ট কারি রেস্টুরেন্ট, বেস্ট শেফ, বেস্ট হোম শেফ (৩টি), বেস্ট ফুড ব্লগার, বেস্ট এন্টারপ্রোনিউর, কারি লিজেন্ড এওয়ার্ড, শেফ অব দ্য ইয়ার, পারসনালিটি অব দ্য ইয়ার ও লাইফটাইম এচিভমেন্ট অ্যাওয়ার্ড।

ইতোমধ্যে আমেরিকান কারি এওয়ার্ডসের জুরিদের নাম ঘোষণা করা হয়েছে। আমেরিকান কারি অ্যাওয়ার্ডসের জুরিরা হলেন, বিশ্বের অন্যতম জনপ্রিয় শেফ টনি করিম খান, ভারতের বিশিষ্ট রন্ধন বিশেষজ্ঞ ও কালিনারি ফোরামের সদস্য ড. ইজ্জত হুসেন, মালয়েশিয়ান কালিনারি বিশেষজ্ঞ রসাহম বিন রুসলি, সৌদি আরবে ওয়ার্ল্ড কালিনারি অ্যাসোসিয়েশন (ডব্লিউএসি) এর সার্টিফাইড প্রশিক্ষক মনতাসির মাসউদ, বাহরাইনের বিখ্যাত কালিনারি বিশেষজ্ঞ ও হসপিটালিটি কনসালটেন্ট সিলভারস্টার রোজারিও, জর্ডানের পেশাদার কালিনারি বিশেষজ্ঞ মাহমুদ ইয়াসিন, ব্রিটিশ-বাংলাদেশি ক্যাটারিং ব্যবসায়ী অলি খান এমবিই, যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজির সহকারী অধ্যাপক মো. গোলাম মোস্তফা, বাংলাদেশের সফল নারী উদ্যোক্তা, রন্ধনশিল্পী ও টেলিভিশন ব্যক্তিত্ব রাহিমা সুলতানা রীতা, আন্তর্জাতিক রন্ধনশিল্পী, রান্নার সৃজনশীল উদ্ভাবক ও লেখক শাহেদা ইয়াসমিন, কালিনারী বিশেষজ্ঞ মেরীনা খন্দকার এবং কালিনারী বিশেষজ্ঞ লবি রহমান প্রমুখ।

যুক্তরাষ্ট্রে প্রথমবার অনুষ্ঠিতব্য আমেরিকান কারি অ্যাওয়ার্ডসে বাংলাদেশের কনটেন্ট ক্রিয়েটর, ফুড ব্লগার ও ইনফ্লুয়েন্সার আদনান ফারুক হিল্লোল, রাফসান দ্য ছোটভাই খ্যাত ইফতেখার রাফসান ও জলটান বিডি খ্যাত নুসরাত ইসলামকে আমন্ত্রণ জানানো হয়েছে।

আয়োজকরা জানিয়েছেন, আয়োজনের মূল উদ্যোক্তা যৌথভাবে খলিল গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের প্রতিষ্ঠান খলিল ফুড ও খলিল ফুড ফাউন্ডেশন এবং নিউইয়র্কের ব্যবসায়িক প্রতিষ্ঠান আশা গ্রুপ অব কোম্পানিজ।

খলিল গ্রুপের কর্ণধার মো. খলিলুর রহমান জানান, ইতোমধ্যে অ্যাওয়ার্ড ট্রফির একটি ইউনিক ও স্বতন্ত্র্য ডিজাইন করা হয়েছে। আশা করছি, সবার অংশগ্রহণে ভিন্নধারার দারুণ একটি আয়োজন আমরা করতে পারবো।

এক স্লিপ

শেষ পৃষ্ঠায় পর

বাংলাদেশীদের চায়ের আড্ডাতেও চলছে না কথা। দেশকে আকার্যকর করতে বলা হচ্ছে দেশী-বিদেশী নানা ষড়যন্ত্রের কথা। কিন্তু এসব আড্ডায় সচেতন প্রবাসীদের একটি-ই কথা। আগে দেশ রক্ষা করতে হবে। আর এজন্য সর্বাগ্রে প্রয়োজন 'দেশপ্রেম'। সকল কিছুর আগে সবার মাঝে 'দেশপ্রেম' জাগ্রত হলে অনেক সমস্যার সমাধান হবে এবং দেশ সঠিক পথে এগুবে।

২৩ মার্চ ২০২৫

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.




SURDEZ & PEREZ,
We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে
পরামর্শের জন্য ফি লাগে না
Free Consultation
কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি
আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
• গাড়ী দুর্ঘটনা • বার্থ ইনজুরি
• বাস, ট্রেন অথবা মোটর সাইকেল • নির্মাণ কাজে দুর্ঘটনা
• ব্রেইন ইনজুরি • পিছলে পড়ে গেলে
• এলিভেটর একসিডেন্ট • লেড পয়জনিং
• স্কুল লায়াবিলিটি • কুকুর কামড়ালে
• খেলার মাঠে দুর্ঘটনা • ডাক্তারের ভুল চিকিৎসা
আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্ণী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা
যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন

Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com
32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103
www.surdezperezlaw.com

শুভ উদ্বোধন
সানম্যান-এর নতুন লোকেশন
29-13 36 Ave, Long Island city, NY-11106
sunman express
global money transfer
সানম্যান এক্সপ্রেস -এর এস্টোরিয়া ব্রাঞ্চের স্থান পরিবর্তন ও নতুন লোকেশনের শুভ উদ্বোধন করতে যাচ্ছি আমরা।
উক্ত উদ্বোধন অনুষ্ঠানে আপনার উপস্থিতি আন্তরিকভাবে কামনা করছি!

8th NOVEMBER| FRIDAY 2:00 PM
718-729-0600
বিনীত নিবেদকঃ
মাসুদ রানা তপন
প্রেসিডেন্ট ও সিইও, সানম্যান গ্লোবাল এক্সপ্রেস


TiME TV PLUS
TV BOX ১৫০+ চ্যানেল
CHANNEL 9 | boishakhi tv | ekattor.tv | BANGLA VISION | INDEPENDENT | maasranga television | ntv | CHANNEL i | সময় | একুশে ETV | Rtv | CHANNEL 24 | DEEPTO TV | দেশ | ATN BANGLA | ATN NEWS | news24 | SATV | Jamuna tv | DBC
নন-স্টপ বিনোদনকে হ্যালো বলুন

TiME TV PLUS BOX

বাংলা নববর্ষ ১৪৩২
সাহিত্য সাময়িকী

আচমকা তোমার মুখ
মতিন বৈরাগী

আজকের এই দিনের শুরুতে নতুন বছরের প্রথম সকালে
তোমার ছল্ ছল্ করা মুখখানা চোখের আলোয় ভেসে ওঠে।

বহুকাল আমি তোমাকে দেখিনা হে প্রিয় স্বাধীনতা
আমি জানি এখনও তোমার অনেক নিজস্বতা আছে,
তোমাকে স্বাগত জানাবার প্রতিক্ষায় অসংখ্য মানুষ,
রক্ত দেয়, জখম নিয়ে থাকে অপেক্ষায়
বলে গণতন্ত্র হে সাম্য হে স্বাধীনতার সাহসে এসো,
এসো নির্ভিক বৈশাখের উল্লাসে।

আবেগের অস্থিরতার ঝড় কাঁপাচ্ছে আজ আমার মনোভূমি
উৎলে উঠেছে আকাশ মাটি আর তার সুগন্ধ
আমি-তুমি-সে আমি হয়ে যাই
আর হঠাৎ যেনো তুমি অপসৃয়মানতায় ডুবে যেতে থাক
অরফিউসের প্রিয় ইচ্ছে হারানোর মতো। তবুও
ছুঁয়ে দেখতে চাই গণতন্ত্র সাম্যের লাল সবুজ পতাকা।

আমার আবেগ এখন প্রচণ্ড গতিবেগ। তোমাকে দেখতে চাই
এই বৈশাখের বৈশাখী প্রচন্ডতায়।
অনেক রজনীর আঁধারে অশ্রুরা মিশে গেছে মানুষের
প্রিয় জন্মভূমির দাস্য-রূপান্তরে।
অকস্মাৎ জানালার শার্সিগুলো নড়েচড়ে স্থির হয়ে রইল
আমি হারিয়ে ফেললাম আমার কৃষানের মুখ, শ্রমিকের লোহুর শিরা
তবুও দাঁড়ায় ইচ্ছা
পথের ওপরে দাঁড়ানো সুঠাম ইউক্যালিপটাসের মতো।

খই
সায়ীদ আবুবকর

কেউ যেন খই ভাজছে কোথাও। সে-খইয়ের সুঘ্রাণে
ভিজছে বাতাস। যে-হাত ভাজছে এই খই, তার মুখে
বিন্দু বিন্দু জমছে নিশ্চয় ঘাম, যা সে শাড়ির আঁচল দিয়ে
মুছতেছে বারবার। হায়, তার মুখটাও কি তামাটে উজ্জ্বল
আমার মায়ের মতো?

বাতাসে খইয়ের ঘ্রাণ। এই ঘ্রাণ ছুটেছে আমাকে নিয়ে
গোলপাতা দিয়ে ছাওয়া আমাদের সেই মাটির হেঁশেলে।
উত্তরে পুকুর। পশ্চিমে ছড়ানো উঠোন, যেখানে হাঁস ও
মুরগির দিনভর ছুটোছুটি। দক্ষিণে বাগান। আর পুব পাশে
নকশী কাঁথার মতো মাঠ। মাথার উপর শুধু নুয়ে পড়া
নারকেল-পাতা জাম জামরুল সফেদা ও বাতাবি লেবুর ডাল।
সব পেয়েছির সেই দেশে মা আমার ছিলো সম্রাজ্ঞীর মতো।
তাঁর হাতে ছিলো যাদু, যার স্পর্শে ধান খই হয়ে যেতো,
চাল হয়ে যেতো মুড়ি; যাঁর কাজই ছিলো সুঘ্রাণ ছড়ানো
চারদিকে- খাদ্যের সুঘ্রাণ, স্নেহের সুঘ্রাণ, হৃদয় শীতল করা
দরদের সুঘ্রাণ, যা আজ উন্মত্তের মতো পথে পথে শুধু খুঁজি।

জীবন ফেলেছে ঘিরে আজ ফ্যাক্টরির ধোঁয়া, ট্যানারির দুর্গন্ধ ও
সভ্যতার দূষিত বাতাস। নাক শুধু আজ খোঁজে মৌ মৌ করা সেই
খইয়ের সুঘ্রাণ, সর্ষে-ইলিশ ও আউশ-বেগুনের অপূর্ব বাসনা; আর
খুঁজে ফেরে দুটি চোখ মায়ের তামাটে সেই মুখ, যার বিনিময়ে
আটটা বেহেস্তও আজ দিয়ে দিতে পারি অনায়াসে।



বৃষ্টির মায়াবী চোখ
আশরাফ মীর

বৃষ্টি নামে বনভূমে
বৃষ্টিভেজা পাখিদের উড়াল আনন্দ
পাখার রঙিন কোলাহল।

বৃষ্টি নামে একাকীত্বের চাহনি জুড়ে
বৃষ্টি খেলা করে ডিগবাজি দেয়
বৃষ্টি নামে শহর-গ্রামে সুন্দরবনের বৃক্ষভূমে
বিশ্বাসের বিস্তীর্ণ পাহাড়-পর্বত নদীনালায়।

বৃষ্টি স্বাচ্ছন্দ্যে নিয়মিত শরীরচর্চা-যোগাসন করে
বৃষ্টি নামে জনপদে চায়ের আড্ডায়
বৃষ্টি নামে কাব্যের খোলা জানালায়
বৃষ্টি নামে নিঝুম দ্বীপ, পর্বতশৃঙ্গ কাঞ্চনজঙ্ঘায়।

বৃষ্টিভিজে একাকার বিড়ালের অপরাহ্নের আলস্যে
বৃষ্টি নামে তালাবদ্ধ দোকানঘরের বিষণ্নতায়
বৃষ্টির অবিরাম শায়কে ভিজে ভিজে
পাড়াগাঁয়ের টিনের চালে
বৃষ্টির রুপালী আহ্লাদ রাতভর ঝমঝম নৃত্য করে
বৃষ্টি নামে শম্ভুগঞ্জের বকুলতলায়
বৃষ্টি নামে আমাদের মানবিক গুণাবলিতে।

মেধাবী শিল্পী জলরঙে আঁকে বৃষ্টির মায়াবী চোখ।

অশ্রু রঙ পতাকা
শেখর ভট্টাচার্য

অশ্রু রঙ পতাকা ঝুলিয়ে রেখেছো বারান্দায়,
পথহারা নাবিক যেনো
খুঁজে পায় তোমার ঠিকানা,
মাধবকুন্ডের জলের মতো
হেমন্তের স্বচ্ছ কুয়াশার ভেতর
উবে যায় বারান্দা, যেনো অদৃশ্য ধোঁয়াশা।
সৈকতের বালিতে গড়ি মুর্তি বার বার
সফেন ঢেউ মুছে দেয় ভালবাসা আমার।
হীরক খন্ডের মতো শিশির ছোঁয়াবো ইজেলে
এঁকে যাবো বিমূর্ত ছবি মেঘের ওপর,
দুরন্ত ঝড়ে যদি মুছে যায় স্নিগ্ধ অবয়ব
ঠাঁই নেবো, বার বার পতাকার ভেতর।

অরগানিক জীবন
ফারুক ফয়সল

ছোট্ট বাগান ভরা আমার গোলাপ চাই
এক চিলতে উঠোনখানা রৌদ্রে ভরা চাই
কিন্তু গোলাপের সুবাস পাই না তো আমি
আমার উঠোনের সবটুকু আঁধারে ঢাকা

পিছন বাড়িতে টলটলে জলের ছোট্ট জলাশয়
চৌহদ্দি জুড়ে ইতস্তত কিছু ফলবান বৃক্ষ
সংলগ্ন সামান্য জমিতে সতেজ সব্জির ক্ষেত
সুস্বাস্থ্যে লম্বা আয়ু পেতে ফরমালিনের বিষমুক্তি
কিন্তু হায়, এসবের বসতি আজ স্মৃতিতে কেবল আছে
নগরায়ন আমাদের বাস্তু কেড়েছে, পরম্পরা গিলেছে

স্ফীত একটি ব্যাংক অ্যাকাউন্ট চাইনি আমি
ঘরের কোণে কোন গোপন সিন্দুক তালাবন্ধ
লুক্কায়িত প্রকোষ্ঠে হিরে বসানো গলার হার,
গোছা গোছা স্বর্ণরাশি, বড় নোটের বাণ্ডিল
ভূসম্পত্তির দলিল, পর্চা কিছুই চাই না আমার!
চাই ভালোবাসা ভরা বুকগুলো থাক বুকে ধরা।

নতুন বীজের স্বপ্ন
মনসুর আজিজ

তপ্তরোদে দগ্ধ হয়ে যাচ্ছি যখন পুড়ে
ঘরের চালা গাছের ডালা খড়ের মতো ওড়ে
কড়াৎ কড়াৎ মেঘ ডাকে যে হাঁপর টানে ভয়
বিজলি চমক দেখায় ঠমক ঝলক যেন জয়।

বনবিরিক্ষি রোদে পুড়ে, মাঠের ফসল শেষ
নদীনালা শুকনো মরা রুক্ষ পরিবেশ
রোদের কণা ফুলকি যেন বারুদপোড়া রোদ
প্রকৃতি কি উঠছে ফুঁসে নিচ্ছে প্রতিশোধ?

মাঠ পুড়ে যাক ঘাট পুড়ে যাক চৈত্র দাবদাহে
প্রতীক্ষিত বৃষ্টি মানুষ মোনাযাতে চাহে
আরশ যেন কেঁপে ওঠে বান্দা যখন কাঁদে
বৃষ্টি ঝরায় দয়াল প্রভু; মন থাকে আহ্লাদে ।

নতুন বীজের স্বপ্ন বুনে সাজাই যদি ধরা
সবুজ শ্যামল দেশটি হেসে উঠবে কেটে জরা।

বাংলা নববর্ষ ১৪৩২
সাহিত্য সাময়িকী

বিজনে
শঙ্খশুভ্র পাত্র

প্রত্যুত্তরে থাকে কি তেমন কোনও ভিত?
যোগ্যতা যেন-বা এক বিশল্যকরণী
আরোগ্যের হেতু। সেতু। আমাদের ঈদ
পূর্বাপর, এ সময়ে প্রকৃত সরণি।
লখার বাসনা, বাস, আভাসে মদীর।
দূর্বাদলে বাদলের চিহ্ন জেগে আছে।
ঈদের চাঁদের মতো সরু এক নদী
অদৃশ্য হাওয়ায় যেন খুশি হয়ে নাচে!

প্রত্যুত্তরে প্রীত হব। কী এমন স্বর!
ভ্রমণে আসে না। মনে, ইতঃস্তত দ্বিধা।
পূর্বাকাশে এ-সময়ে লোহিত ভাস্বর
উষার পাতায় ভুষা- নীল মুসাবিদ।
পূর্বাপর ভাবছে কী? তথাপি সবুর
বিজনে লেখাটি হোক। এই চাই প্রভু।



রংধনু
আবু আফজাল সালেহ

আমি রংধনু অস্তিত্বের ক্যানভাসে আঁকা বর্ণিল ভালোবাসা
রঙগুলো কী প্রাণবন্ত এবং গভীর
ছায়াগুলোর সাথে মানবতার আলিঙ্গন!

আমি সূর্যোদয়ের সোনালি আভায় বৈচিত্র স্বপ্ন এবং ঐক্য
আমি সমুদ্রের নীলসীমাহীন এবং মুখ
আমি লাল উচ্চকিত এবং শক্তিশালী শিখা
সাহসের সাথে আমি দাঁড়িয়ে আছি রাতের মুখোমুখি
ভালোবাসা জাগাতে
মানুষের মাঝে আলো আনতে।
আমি হাসির রঙ আনন্দময় এবং উজ্জ্বল
আনন্দ ছড়িয়ে আত্মাকে নতুন উচ্চতায় নিয়ে
প্রতিদিনের আঁকা ভালবাসার রঙ।

আমি রঙের মিশ্রণ, আকাশের শক্তি
অন্ধকার রাতে আশার আলো
ঐক্যের আলিঙ্গনে আমাদের পথ খুঁজে পাব।

হাত একটি উচ্ছ্বাসের নাম
নয়ন আহমেদ

হই হাত, কী রোপণ করো একা একা?
বিষাদ, ক্লেদ, আনন্দ, উল্লাস?
হর্ষলাস্য, উল্লম্ফন, লালসার বীজ?
চর্ব্য, চোষ্য কোনো লাল সুদৃশ্য চারা?
কী রোপণ করো নেচে নেচে?
কী বপন করো তুমি আর্তনাদ উঁচু করে করে?
ঘাড় খাড়া করে
কান দুটো উৎকীর্ণ করে
কীরকম মন্ত্র তুমি উৎকলিত করো অহরহ!

আহা, বিষাদে বিষাদে গেল দিন!
আনন্দ আনন্দ করে বয়ে গেল দিন!
গলাগলি করে গেল কতো রাত্রিদিন!
পতনের বীজ বুনে হারালো যে গোলাভরা দিন!

এখনো কিছুটা তোর সূর্যবীজ আছে!
এখনো আবার তাই নাম ধরে ডেকে ডেকে গলা ধরে ভোর।
এখনো আবার তোর গা ছুঁয়ে নদীর মতোন ঢেউ বয়!
কতো কতো ডাকনামে ফুল ফোটে সবুজ হাওয়ায়।

আয়, আয়। আজ কিছু প্রিয় বীজ কিনি!
আয়, আয় কিছু আলো এখনই ছিটাই।
আয়, আয় নাম ধরে প্রেম প্রেম ডাকি।
তাকে নিয়ে সর্বশেষ উচ্ছ্বাস এঁকে এঁকে যাই।

ফেরেস্তা, ফুল অথবা রক্তকরবী
দীপঙ্কর ইমন

কামান থেকে ছুঁড়ে দাও ফুল
গোলাপ, হাসনাহেনা, জুঁই।
করবীও ছুঁড়তে পারো
তবে রক্তকরবী নয়
কারণ রক্তকরবীর নাম শুনলেই খুব ভয় লাগে আজ।

ওদের মৃত্যুগুলো কত সহজ হয়ে গেছে,
মিসাইল ঈশ্বরের ফেরেস্তা চিনে না
ছিন্নভিন্ন ফিলিস্তিনি শিশুর শরীর
যেন, কেবল শেষ করলো তার রক্ত স্নান।
তাই রক্তকরবী নাম শুনলেই শিহরণ জাগে
ভুলে যাই ফুল অথবা মৃত্যুর ব্যবধান।

কামান থেকে আর একটাও মিসাইল নয়
কেবল ফুল ছুঁড়ে দাও
আমাকে ভুল প্রমাণ করে
রক্তকরবীও ছুঁড়তে পারো
পৃথিবীর জন্য
নিষ্পাপ ফেরেস্তার জন্য।

তা না হলে,
মধ্যযুগ ভর্ৎসনা করবে তোমায়।

রং
হাবিব ফয়েজি

আমার মেয়ে আবদার করলো তাকে রং আর তুলি এনে দিতে
সে ছবি আঁকবে
আমি রং-তুলি এনে দিলাম
প্রায় পঁচিশ ধরনের রং দেখেও তার মন ভরলো না
সে মুখভার করে বললো, বাবা-
শুধু এগুলোই? আর কোনও রং নাই?
বললাম, মা-রে ছবি আঁকার জন্য এগুলোই যথেষ্ট
তুমি আরও বড়ো হও,
দেখবে রংয়ের হিসাব করে শেষ করতে পারবে না
তার পাল্টা প্রশ্ন- সেই রং গুলো কেমন?
বললাম- মানুষের রং! এ পর্যন্ত মানুষের যত রং দেখেছি
তার কোনও হিসাব রাখতে পারি নি
এছাড়াও এক মানুষের মাঝে কতো রং দেখেছি

মেয়েটা আমার কী বুঝলো জানি না
গভীর মমতায় আমার গাল টিপে হাসতে হাসতে বললো-
তুমি আমার সবচেয়ে সুন্দর একরঙা বাবা।

অন্ধকার
সুমন শামসুদ্দিন

অন্ধকারে ছুঁড়ে দিই কিছু শব্দ
আলোর দ্বারে পৌঁছবে না জানি তা!
তবুও ওড়াই শুকনো পাতার গান,
আঁধারের সুর আঁধারেই তাপিতা।


অন্ধকারের গণ্ডিবদ্ধ প্রেম,
নীলাম্বরীর মৃদুছায়ারূপ জল-
খুঁজে ফেরে শুধু বিনয়ের অনুরাগ,
পাংশুকেশী সুহৃদ অনুপল!

আলো-আঁধারের অলক্ষ্য দেয়ালে
শব্দবতীরা অভিঘাতে ছুটে পড়ে!
দ্যুতিস্পর্শ ধ্বনির আড়ালে কাঁদে,
দীপ্তপ্রেম অনিয়ত চরাচরে!

ফিরে ফিরে তাই আঁধারেই বাঁধে ঘর,
আলোর অহম অবিচল যুগপৎ!
বিভীষিকাময় আঁধারের বেড়াজাল
বিমিশ্রদলে শব্দেরা মহৎ!






জালালাবাদ এসোসিয়েশনের কার্যকরী পরিষদের মেয়াদ বাড়লো এক বছর

শেষ পৃষ্ঠায় পর



সভাপতিত্বে এবং ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রুকন হাকিমের সঞ্চালনায় সাধারণ সভায় অন্যান্যদের মধ্যে মঞ্চে উপস্থিত ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সোসাইটি বোর্ড অব ট্রাষ্টি সদস্য ও জালালাবাদ এসোসিয়েশের প্রধান নির্বাচন কমিশনার আজিমুর রহমান বুরহান, জালালাবাদ এসোসিয়েশের ট্রাষ্টিবোর্ডের সদস্য ও সাবেক সভাপতি বদরুন নাহার খান মিতা, ছদরুন নূর, সৈয়দ নাজমুল হাসান কুবাদ প্রমুখ।

এসময় আরো উপস্থিত কার্যনির্বাহী কমিটির সদস্য মধ্যে সহ সভাপতি লোকমান হোসেন লুকু (সিলেট) শামীম আহমেদ (সুনামগঞ্জ) মোঃ শফিউদ্দিন তালুকদার (হবিগঞ্জ) মোঃ জাবেদ উদ্দিন (মৌলভীবাজার) কোষাধ্যক্ষ মোঃ আলীম, প্রচার ও দপ্তর সম্পাদক ফয়ছল আলম, সাহিত্য ও সংস্কৃতি সম্পাদক হোসেন আহমদ, আইন ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক বুরহান উদ্দীন, কার্যনির্বাহী সদস্য হুমায়ুন কবির সোহেল।

সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এবং প্রবাসে বসবাসরত বৃহত্তর সিলেটের বিভিন্ন অঞ্চলের যারা আমাদের ছেড়ে চলে গেছেন তাঁদের রুহের মাগফেরাত কামনা করে বিশেষ মুনাজাত করেন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার ইনক-এর আজীবন সদস্য কয়েছ আহমদ। এরপর বাংলাদেশ ও আমেরিকার জাতীয় সংগীতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়।

সভায় ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিম ও কোষাধ্যক্ষের মোহাম্মদ আলীম রিপোর্ট পেশ করেন। ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিম তার দীর্ঘ রিপোর্টে সংগঠনের বিভিন্ন কর্মকান্ডের কথা তুলে ধরেন।

রিপোর্টে সংকটময় মুহূর্তে ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদকের দায়িত্ব নেওয়া পর থেকে যে সকল কার্যক্রম করেছেন তা বিস্তারিত তুলে ধরেন।

কোষাধ্যক্ষ মোহাম্মদ আলীম রিপোর্টে ২০২৪ সালের মে থেকে ২০২৫ সালের মার্চ পর্যন্ত সংগঠনের আয়-ব্যয়ের প্রতিবেদন তুলে ধরেন। তিনি জানান, এই সময়ে সংগঠনের আয় হয়েছে ৯৩ হাজার ৯৫৩ ডলার ১৪ পয়সা। এ থেকে ৮৭ হাজার ৩১৯ ডলার খরচ করা হয়েছে আর বাকি টাকা ব্যাংকে জমা রয়েছে, যারা সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরেন কোষাধ্যক্ষ।

সভায় উপস্থিত শতাধিকের বেশী সদস্য সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষের রিপোর্টের উপর মুক্ত আলোচনায় অংশ নেন। সভার মুক্ত আলোচনায় অন্যান্যের মধ্যে সাবেক ট্রাষ্টিবোর্ডের সদস্য এডভোকেট নাসির উদ্দিন, আব্দুস শহীদ, তোফায়েল চৌধুরী, সাবেক সাধারণ সম্পাদক মিছবাহ আহমেদ, ফেঞ্চুগঞ্জ উপজেলার তিনবারের নির্বাচিত চেয়ারম্যান নুরুল ইসলাম, গোল্ডেন প্লেস এন্ড পার্টি হল ও ক্যাটারিং সিইও বিলাল ইসলাম, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার ইনক-এর সাবেক সহ সভাপতি জোসেফ চৌধুরী, সৈয়দ নোমান, বাংলাদেশ সোসাইটি সাবেক সহ সাধারণ সম্পাদক সিরাজ উদ্দিন সোহাগ,বাংলাদেশ বিয়ানীবাজার সমিতির উপদেষ্টা মন্ডলীর সদস্য বীর মুক্তিযোদ্ধা মুজাহিদুল ইসলাম, ফকর উদ্দিন ও গহর চৌধুরী কিনু, বিয়ানীবাজার সমিতির সাবেক সভাপতি মোস্তফা কামাল, সাবেক সাধারণ সম্পাদক মিসবাহ আহমেদ, বাংলাদেশ সোসাইটি জনসংযোগ ও প্রচার সম্পাদক রিজু মোহাম্মদ, কমিউনিটি এক্টিভেস্ট সাইকুল ইসলাম, রিপন আহমেদ, বিয়ানীবাজার সমিতির সহ সভাপতি সম্পাদক মহিবুর রহমান রুহুল, বিয়ানীবাজার সমিতির সাধারণ সম্পাদক রেজাউল আলম অপু, কুইন্স বাংলাদেশ সোসাইটি সভাপতি শমস উদ্দিন, হারুন মিয়া, বিশিষ্ট কমিটি অ্যাকটিভিস্ট আমিলুল ইসলাম চুন্নু, হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতি যুক্তরাষ্ট্র ইনকের উপদেষ্টা তাজুল ইসলাম তালুকদার চেয়ারম্যান, লিয়াকত আলী চেয়ারম্যান, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার ইনক-এর আজীবন সদস্য চৌধুরী মোমিত তামিম, জালালাবাদের সাবেক প্রধান নির্বাচন কমিশনার সালেহ চৌধুরী, শফিকুর রহমান, কাজীরুল ইসলাম, জুয়েল আহমদ, লিটন আহমেদ, মোকতার আহমদ, মোস্তাকুর রহমান লিটন, দিপংকর দেব, ওলিউর রহমান, তোফায়েল আহমদ চৌধুরী, মোঃ আবু ফজর, মোঃ খলিলুর রহমান, প্রফেসর কামাল চৌধুরী, নজরুল আহমেদ প্রমুখ।

এ সময় আরো উপস্থিত ছিলেন সাবেক উপদেষ্টা বিয়ানীবাজার সমিতি ছমির উদ্দিন, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা আব্দুর রহমান, সহ সাধারণ সম্পাদক মঈনুল চৌধুরী মনসুর আহমেদ, হেলথ ফার্স্ট এর ইমরুল এজেন্ট



তৌহিদুল ইসলাম সজীব, আবু সাদেক, মোসাদ্দেক আহমেদ শিফু, জয়ান্ত দাস, মতিউর রহমান, সজল কান্তি প্রমুখ।

সভায় উপস্থিত সাধারণ সদস্যদের মতামতের ভিত্তিতে সর্বসম্মতিক্রমে সংগঠনের বর্তমান পরিস্থিতি বিবেচনায় কার্যকরী পরিষদের মেয়াদ আরো এক বছর বৃদ্ধি করা হয়। এ সময়ের ভিতরে মামলা সংক্রান্ত বিষয়টির একটি সুরাহা করতে কার্যকরী পরিষদের সর্বাত্মকভাবে কাজ করার অনুরোধ জানানো হয়। একই সাথে বর্তমান বোর্ড অব ট্রাস্টির মেয়াদও এক বছর বৃদ্ধি করা হয়। এদিকে সংবিধান অনুযায়ী গঠিত বর্তমান নির্বাচন কমিশন আগামী নির্বাচন সম্পন্ন হওয়া পর্যন্ত বহাল থাকবেন বলেও সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় বর্তমান গঠনতন্ত্রকে আরো যুগোপযোগী করতে কিছু ধারা- উপধারার সংশোধনী করতে গত সাধারণ সভায় গঠিত গঠনতন্ত্র সংশোধনী কমিটি তাদের সংশোধনী তুলে ধরেন কমিটির প্রধান ও সাবেক সভাপতি বদরুন নাহার খান মিতা। এ সময় সংশোধনী কমিটির অন্যান্য সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন সাবেক সাধারণ সম্পাদক মিসবাহ মজিদ ও সাবেক নির্বাচন কমিশনার মিনহাজ আহমেদ সাম্মু। এসময় নানা পর্যালোচনার পর সংশোধনীগুলোতে কিছু সংযোজন-বিয়োজন করে উপস্থিত সদস্যদের মতামতের ভিত্তিতে সর্বসম্মতিক্রমে পাস করা হয়।

সংগঠনটিকে ঐক্যবদ্ধ করতে এ সময় বক্তারা বলেন প্রবাসে জালালাবাদবাসীর ঐক্যবদ্ধতার কোন বিকল্প নেই তা করতে সকলকে একযোগে কাজ করতে হবে।

সভাপতি তার সমাপনী বক্তব্যে সবাইকে আশ্বস্ত করেন গঠনতন্ত্র এবং জালালাবাদবাসীর মান সম্মানকে অক্ষুন্ন রেখে যেকোনো সমঝোতায় বর্তমান কার্যকরী পরিষদ সব সময় প্রস্তুত। -- প্রেস বিজ্ঞপ্তি











অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেন্টাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

